দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১৯ জুন ২০২৬ ॥ ০৩ মহররম ১৪৪৮ ॥ ০৫ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভালই জানেন।

সূরা আল ইমরান ৩৬

নিরাপত্তার ঘেরাটোপে সরকার প্রধানকে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়ার আহ্বান

কীর্তনখোলা ডেস্ক
একটি বিশেষায়িত বাহিনী হিসেবে সাহস, দক্ষতা, কৌশল এবং সর্বাধুনিক প্রযুক্তিতে এসএসএফ-এর পিছিয়ে থাকার ২ এর পাতায় দেখুন

এমপিরা ধর্মীয় রীতি অনুযায়ী সংসদে সম্মান জানাতে পারবেন: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের সদস্যরা নিজ নিজ ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ারের প্রতি সম্মান প্রদর্শন করবেন বলে সিদ্ধান্ত জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষা হবে অভিন্ন প্রশ্নে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ জুলাই থেকে শুরু হবে। এবার সব কয়টি সাধারণ শিক্ষা বোর্ডে ২ এর পাতায় দেখুন



বিরোধীদলীয় নেতার সঙ্গে পাকিস্তানের হাইকমিশনারের সাক্ষাৎ

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক ২ এর পাতায় দেখুন

দেশে হামে আক্রান্ত ১ লাখ ছাড়ালো, মৃত্যু ৬৬৬ জন

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত তিন মাসে হাম ও এর বিভিন্ন জটিল উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা আশঙ্কাজনকভাবে বেড়ে ৬৬৬ জনে দাঁড়িয়েছে। একই সময়ে দেশজুড়ে এই রোগে আক্রান্ত রোগীর সামগ্রিক সংখ্যা ইতিমধ্যে ১ লাখের কোটা ছাড়িয়ে গেছে। বৃহস্পতিবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত সর্বশেষ নিয়মিত প্রতিবেদনে এই ভয়াবহ তথ্য জানানো হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারা দেশে হাম ও এর উপসর্গ নিয়ে আরও ৫ শিশুর মৃত্যু হয়েছে। প্রকাশিত সরকারি প্রতিবেদন অনুযায়ী গত তিন মাসে মৃত ৬৬৬ জনের মধ্যে হামের তীব্র উপসর্গ নিয়ে ৫৭৩ জন এবং ল্যাব পরীক্ষায় নিশ্চিত হামে আক্রান্ত হয়ে ৯৩ জন শিশু মারা গেছে। একই সময়ে মোট ৮৯ হাজার ৯০৪ জনের দেহে হামের প্রাথমিক উপসর্গ দেখা গেছে। এ ছাড়া সুনির্দিষ্টভাবে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১০ হাজার ৭৭৩ জনের দেহে। সব মিলিয়ে গত ৯৫ দিনে এই রোগ ও উপসর্গে আক্রান্ত মোট রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৬৭৭ জনে। প্রাসঙ্গিক সংবাদ গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ৫ শিশুর মধ্যে ২ জন সিলেট বিভাগের এবং বাকি ৩ জন ঢাকা, চট্টগ্রাম ও খুলনা বিভাগের স্থায়ী ২ এর পাতায় দেখুন

নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী ম্যাজিস্ট্রেট রায়হান উজ জামান -কীর্তনখোলা

বাংলাদেশ-ভারতের সংলাপের মাধ্যমে পুশ ইন সমস্যা সমাধান করা উচিত: জাতিসংঘ

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ ও ভারতের মধ্যকার সীমান্তে পুশ ইন সমস্যা সংলাপের মাধ্যমে সমাধান করা উচিত বলে মন্তব্য করেছেন জাতিসংঘের মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক। নিউইয়র্কে স্থানীয় সময় বুধবার নিয়মিত প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। প্রেস ব্রিফিংয়ে স্টিফেন ডুজারিকের কাছে জানতে চাওয়া হয়, বাংলাদেশ-ভারত সীমান্ত প্রসঙ্গে আবারও বলছি, আন্তর্জাতিক মনোযোগ এখন যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা, লেবানন, দক্ষিণ সুদান এবং হাইতির দিকে। কিন্তু বাংলাদেশ ও ভারতের সীমান্তে শত শত শিশু ও নারীর জীবন ঝুঁকির মধ্যে রয়েছে। শিশুরা ক্ষুধায় কাঁদছে। নারীরা খোলা আকাশের নিচে রাত কাটাচ্ছেন। জাতিসংঘের মহাসচিব এই বিষয়টিকে কীভাবে দেখছেন? জবাবে জাতিসংঘ মহসচিবের মুখপাত্র বলেন, 'দেখুন, আমি মনে করি বিষয়টি দুই দেশের সংলাপের মাধ্যমে সমাধান করা উচিত এবং এতে মানুষের ২ এর পাতায় দেখুন

ভয়াবহ লোডশেডিংয়ের কবলে বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট
ভয়াবহ লোডশেডিংয়ের কবলে পড়েছে বরিশাল নগরীসহ জেলার ১০ উপজেলা। চাহিদার তুলনায় অর্ধেকেরও কম বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় গত কয়েকদিন ধরে ঘণ্টায় ঘণ্টায় লোডশেডিং দিয়ে পরিস্থিতি সামাল দিচ্ছে বিদ্যুৎ বিভাগ। এতে নগর ও গ্রামীণ এলাকার প্রায় সাড়ে আট লাখ গ্রাহকের স্বাভাবিক জীবনযাত্রা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। একই সঙ্গে উৎপাদন ব্যাহত হয়ে ক্ষতির মুখে পড়েছে শিল্পকারখানা ও ছোট-বড় ব্যবসাপ্রতিষ্ঠান। নগরীর সদর রোডের একটি ডায়াগনস্টিক সেন্টারের পরিচালক ফয়সাল রাকিব বলেন, "এক ঘণ্টা পরপর বিদ্যুৎ চলে যাচ্ছে। জেনারেটর চালিয়ে প্রতিষ্ঠান সচল রাখা সম্ভব হচ্ছে না। জ্বালানির খরচ আয়ের চেয়ে বেশি হয়ে যাচ্ছে।" নগরীর ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা তানিশা ইসলাম বলেন, "প্রচণ্ড গরমের মধ্যে ঘন ঘন লোডশেডিংয়ে জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। সন্ধ্যার পর শিশুদের পড়াশোনা ব্যাহত হচ্ছে, রাতেও ঠিকমতো ঘুমানো যাচ্ছে না।" বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারা জানান, জাতীয় গ্রিডে উৎপাদন সংকটের কারণে বরিশালে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে না। ওজোপাডিকোর বিক্রয় ও বিতরণ বিভাগ-১-এর নির্বাহী প্রকৌশলী মো. মঞ্জুরুল ইসলাম বলেন, তাদের ৭০ হাজার গ্রাহকের জন্য ৪০ মেগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন হলেও বর্তমানে মিলছে মাত্র ২০ মেগাওয়াট। একইভাবে বিভাগ-২-এর প্রায় ৭২ হাজার গ্রাহকও একই সংকটে রয়েছেন। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর জেনারেল ম্যানেজার প্রকৌশলী রফিকুল ইসলাম জানান, পাঁচ উপজেলার সাড়ে তিন লাখ গ্রাহকের জন্য ৭৪ মেগাওয়াট চাহিদার বিপরীতে পাওয়া যাচ্ছে মাত্র ৪৮ মেগাওয়াট। ফলে কম গুরুত্বপূর্ণ এলাকায় লোডশেডিং করে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হচ্ছে। একই অবস্থা পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর ২ এর পাতায় দেখুন

গ্রামাঞ্চলে প্রতি তিনজনে দুজন কিশোরী ভুগছে মাসিকের সমস্যায়

কীর্তনখোলা ডেস্ক
দেশের গ্রামাঞ্চলে কিশোরীদের স্বাস্থ্য ও প্রজনন অধিকারের এক উদ্বেগজনক চিত্র উঠে এসেছে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআর'বি) সাম্প্রতিক সময়ের গবেষণায়। তথ্যমতে, দেশের গ্রামাঞ্চলে প্রায় প্রতি তিনজনে দুজন (৬৪ শতাংশ) কিশোরী মাসিক সংক্রান্ত বিভিন্ন সমস্যায় ভুগছে। এর মধ্যে তীব্র ব্যথার কারণে অনেকেরই দৈনন্দিন জীবন ব্যাহত হচ্ছে, এমনকি ব্যথার কারণে স্কুলেও যেতে পারছে না বিপুলসংখ্যক শিক্ষার্থী। বৃহস্পতিবার (১৮ জুন) রাজধানীর কানাডা ক্লাবে আয়োজিত এক সেমিনারে আইসিডিডিআর,বি-র 'অ্যাডসার্চ' প্রকল্পের এ গবেষণার ফলাফল উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে স্বাস্থ্য বিশেষজ্ঞ, নীতি প্রণেতা, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি এবং ২ এর পাতায় দেখুন

চরমোনাই মাদ্রাসার সহকারী অধ্যাপক মুফতি মাসউদ হাসান ফিরোজকে জঙ্গি প্রশিক্ষক আখ্যা দেয়ার প্রতিবাদে জাতীয় শিক্ষক ফোরামের উদ্যোগে নগরীতে মানববন্ধন -কীর্তনখোলা

এক ইলিশের দাম ৫ হাজার টাকা

দৌলতখান প্রতিনিধি
ভোলার দৌলতখানের মেঘনা নদীতে জেলের জালে ধরা পড়েছে ১ কেজি ৯০০ গ্রামের ওজনের একটি রাজা ইলিশ। বৃহস্পতিবার (১৯ জুন) বিকাল ৪টায় উপজেলার পাতারখাল মাছঘাটের সেলিমের আড়তে মাছটি ৫ হাজার টাকা নিলামে ওঠে। নিলামের সর্বোচ্চ ডাক হাকিয়ে ঘাটের ব্যাপারী দুলাল মাছটি ক্রয় করেন। ব্যাপারী দুলাল জানান, মাছটি শুক্রবার ঢাকা অথবা বরিশাল পাঠানো হবে। এটি আরও অধিক দামে বিক্রি হবে বলে তিনি আশাবাদী। এদিকে ২ এর পাতায় দেখুন

কালেক্টরেট স্কুলের পাশে বাণিজ্য মেলার গণশৌচাগার ভেঙে দিলো শিক্ষার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট
স্কুলের সামনে বাণিজ্য মেলার দর্শনার্থীদের জন্য স্থাপিত গণশৌচাগার থেকে দুর্গন্ধ ছড়িয়ে বিদ্যালয়ের পরিবেশ অসহনীয় হয়ে ওঠার অভিযোগে বৃহস্পতিবার দুপুরে শিক্ষার্থীরা শৌচাগারটি ভেঙে দিয়েছে। এর আগের দিন এ নিয়ে মানববন্ধনও করে তারা। ঘটনাটি নগরের কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজসংলগ্ন এলাকায়। সম্প্রতি স্কুলের পাশে পরেশ সাগর মাঠে বাণিজ্য মেলা শুরু হয়েছে। মেলার জন্য স্কুলের শ্রেণিকক্ষঘেঁষে গণশৌচাগার নির্মাণ করায় ক্ষুব্ধ শিক্ষার্থীরা বুধবার মানববন্ধন করে। জানা গেছে, নগরের ১৬ নম্বর ওয়ার্ডে জিলা স্কুলের মালিকানাধীন পরেশ সাগর মাঠে মাসব্যাপী বাণিজ্য মেলা চলছে। মাঠের পাশেই কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের শ্রেণিকক্ষ। সেখান থেকে আনুমানিক ১০ গজ দূরে মেলার গণশৌচাগার করা হয়েছে। মেলার আয়োজক বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ২ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ছাত্রদল-জাসাসের দু'নেতা হত্যা মামলা

'উজিরপুর থানা থেকে পুলিশ এনে ক্রসফায়ার দেন এসপি'

কীর্তনখোলা ডেস্ক
বরিশালের আগৈলঝাড়া থানার কেউ রাজি না হওয়ায় পাশের উজিরপুর থানা থেকে পুলিশ এনে ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে জেলাটির সাবেক পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ ক্রসফায়ার দেন বলে জবানবন্দিতে উঠে এসেছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ বুধবার এমন জবানবন্দি দেন সাক্ষী পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) অসীম কুমার সিকদার। ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে ক্রসফায়ার দেওয়ার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় প্রথম সাক্ষী হিসেবে তিনি জবানবন্দি দেন। তিনি ২০১৪ সালের ২৭ সেপ্টেম্বর থেকে ২০১৫ সালের ১২ মে পর্যন্ত বরিশাল জেলার আগৈলঝাড়া থানায় এসআই হিসেবে কর্মরত ছিলেন। ২০১৫ সালের ২ এর পাতায় দেখুন

পটুয়াখালী মেডিকেল কলেজ: পদ নেই, তবু তিনি 'উপাধ্যক্ষ'

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের অনুমোদিত জনবলকাঠামোয় উপাধ্যক্ষ পদ নেই। তবে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তে ডা. এ এফ এম আতিকুর রহমানকে উপাধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে। এর পর থেকে তিনি যাবতীয় সুযোগ-সুবিধা ভোগ করছেন। এমনকি অধ্যক্ষের জন্য বরাদ্দ সরকারি গাড়িও ব্যবহার করেন ২ এর পাতায় দেখুন

'গর্ভবতী মায়েদের পুষ্টিসমৃদ্ধ খাবার নিশ্চিত করতে হবে'

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে 'ট্রান্সফর্মিং লাইভস্ থ্রু নিউট্রিশন' প্রকল্পের সহযোগিতায় পুষ্টি সমন্বয় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে। বরিশাল জেলা পুষ্টি সমন্বয় কমিটির আয়োজনে গতকাল সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সালমা পারভীন সভায় সভাপতিত্ব করেন। সালমা পারভীন বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ ও মেধাবী হিসেবে গড়ে তুলতে গর্ভবতী মায়েদের পুষ্টিসমৃদ্ধ খাবার নিশ্চিত করতে হবে। জন্মের পর যেসব শিশুরা শারীরিক প্রতিবন্ধকতায় ভোগে তাদের অধিকাংশই পুষ্টিহীনতার শিকার। গর্ভকাল থেকেই মায়ের সুষম খাদ্য গ্রহণ, নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং প্রয়োজনীয় পুষ্টি সম্পর্কে সচেতনতা বাড়ানো জরুরি বলেও তিনি উল্লেখ করেন। তিনি বলেন, অপুষ্টি শুধু ব্যক্তি নয়, একটি দেশের সামগ্রিক উন্নয়নেও নেতিবাচক ২ এর পাতায় দেখুন

৩০ মামলার আসামি কালা মাসুদ দেশীয় অস্ত্রসহ গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে ৩০-এর অধিক মামলার আসামি আকাশ হাওলাদার মাসুদ ওরফে কালা মাসুদকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৮ জুন) ভোরে বরিশাল সদরে চরমোনাই ইউনিয়নের গিলাতলী এলাকায় নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। সে ওই গ্রামের এনায়েত হাওলাদারের ছেলে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানার অফিসার ইনচার্জ আল মামুন উল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, কালা মাসুদ একজন শীর্ষ সন্ত্রাসী। সে ভাড়াটিয়া সন্ত্রাসী হিসেবে কাজ করে। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় হত্যা, হত্যাচেষ্টা, ছিনতাই, মাদকসহ বিভিন্ন আইনে ৩০টির অধিক মামলা রয়েছে। পুলিশের এ কর্মকর্তা বলেন, কালা মাসুদ দীর্ঘদিন আত্মগোপনে ছিল। সম্প্রতি তার বিরুদ্ধে কোতয়ালী মডেল থানায় আরও একটি মামলা হয়েছে। সেই মামলার সূত্র ধরে পুলিশের দুটি টিম বুধবার দিনভর নগরীর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে। এর মধ্যে একটি টিম চরমোনাইতে তার ২ এর পাতায় দেখুন



দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আইনের আওতায় আনা হোক

বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুভাবে সতর্ক করে আসছে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উল্টো আরো ডালপালা মেলছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যানশিয়াল ইন্টেগ্রিটির (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপির বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেপ্তার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অঘটনঘটনপটীয়সী হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের অন্ত নেই। জ্ঞাত আয়বহির্ভূত শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চাঁদাবাজি, জমি দখল, নির্যাতন, গুম-অপহরণ, রাজনৈতিক পক্ষপাত, এমনকি নারী কেলেঙ্কারির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দও করেছেন। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেপ্তার হননি। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনের জন্য এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা গণমাধ্যমকে বলেন, 'আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলে নেতিবাচক প্রভাব পড়বে।' বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে বিচারের মুখোমুখি দাঁড় করানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ চূড়ান্ত করেছে দুদক। জানা যায়, বেনজীরকে ফেরত আনার অনুরোধপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে। আশা করা যায়, বেনজীর আহমেদকে শিগগিরই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর ডান হাত বলে পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক গাজী মো. মোজাম্মেল হক এখনো গ্রেপ্তার হননি। তাঁর বিরুদ্ধেও জমি দখল, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখনো দেশেই আছেন এবং সদর্পে ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের প্রয়োগ ভিন্ন হলে মানুষ তা থেকে ভিন্ন বার্তাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্বিশেষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নজরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

বিরোধীদলীয় নেতার সঙ্গে

করেছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। বৃহস্পতিবার (১৮ জুন) বিরোধীদলীয় নেতার সংসদ ভবনস্থ কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। এসময় তার সঙ্গে ছিলেন পাকিস্তান হাইকমিশনের পলিটিক্যাল কাউন্সেলর কামরান দাংগাল। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ অধিশাখা-২-এর সহকারী পরিচালক মুহা. শফিউল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে ইমরান হায়দার জানান, তারা বাংলাদেশের সঙ্গে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নিতে চান। বাংলাদেশ ও পাকিস্তানের সম্পর্ক সাম্প্রতিক সময়ে ইতিবাচক ধারায় অগ্রসর হচ্ছে। দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ বেড়েছে। সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের একাধিক সফর অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বাংলাদেশের শিক্ষাবিদদের একটি প্রতিনিধিদল পাকিস্তান সফর করেছে এবং পাকিস্তানের শিক্ষা কাঠামো দেখে সন্তোষ প্রকাশ করেছে। বৈঠকে গত মাসে ঢাকায় অনুষ্ঠিত শিক্ষামেলার সাফল্য সম্পর্কেও বিরোধীদলীয় নেতাকে হাইকমিশনারের পক্ষ থেকে অবহিত করা হয়। হাইকমিশনার জানান, পাকিস্তান আগামী পাঁচ বছরে পর্যায়ক্রমে বাংলাদেশের ৫০০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ প্রদান করবে। ইতোমধ্যে ৭৪ জন পাকিস্তানে গমন করেছেন। আগামীতে দুই দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে আরও বেশি মেধা বিনিময়ের লক্ষ্য নিয়ে কাজ চলমান রয়েছে। চলমান 'নলেজ করিডোর' প্রকল্প সামনের দিনগুলোতে আরও সংহত করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করা হয়। এ ছাড়াও একটি সংসদীয় গ্রুপ গঠন এবং সংসদীয় পর্যায়ে দুই দেশের সম্পর্ক আরও জোরদার করার আহ্বান জানান হাইকমিশনার। আলোচনার একপর্যায়ে, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তিচুক্তি সম্পাদনে ঐতিহাসিক ভূমিকার জন্য বিরোধীদলীয় নেতা হাইকমিশনারের মাধ্যমে পাকিস্তান সরকারকে ধন্যবাদ জানান। বৈঠকে বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান, এমপি এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর উপস্থিত ছিলেন।

এইচএসসি পরীক্ষা হবে

অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, এইচএসসিতে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার সব ধরনের ব্যবস্থা করেছি। এখন দেখি কী হয়…। প্রত্যেকটা বোর্ডের একটা প্রতিযোগিতা থাকে, মূলত সেজন্য এমন সিদ্ধান্ত। বৃহস্পতিবার (১৮ জুন) দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষার সময় ঝড়, অতিবৃষ্টি, বন্যা অথবা যে কোনো দুর্যোগ হলে বিকল্প ব্যবস্থা রাখবো। প্রশ্নপত্র তো আগেই পৌঁছে যাবে। পরীক্ষার সময় সমস্যা হলে তার জন্য ব্যবস্থা আছে। এ নিয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ, প্রধানমন্ত্রীর শিক্ষাবিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসী প্রমুখ।

এমপিরা ধর্মীয় রীতি অনুযায়ী

স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। বৃহস্পতিবার জাতীয় সংসদের বৈঠকের শুরুতে তিনি এ-সংক্রান্ত সিদ্ধান্ত ঘোষণা করেন। এর আগে, গত মঙ্গলবার (১৬ জুন) জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মুজিবুর রহমান সংসদকক্ষে মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শনের বিষয়ে আপত্তি জানান। সেদিন স্পিকার জানিয়েছিলেন, সংসদের কার্যপ্রণালি বিধি পরীক্ষা-নিরীক্ষা করে এ বিষয়ে সিদ্ধান্ত দেবেন। এরপর বুধবার বিএনপির সংসদ সদস্য জয়নাল আবদিন ফারুকও বিষয়টি সুরাহার জন্য অনুরোধ জানান। হাফিজ উদ্দিন আহমদ বলেন, তিনি জানিয়েছিলেন বিষয়টি পরীক্ষা করে জানানো হবে। সে পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত জানাচ্ছেন। তিনি জানান, জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধির ২৬৭(১) ধারায় বলা আছে 'সংসদের বৈঠক চলাকালে কোনো সদস্য সংসদে প্রবেশ করার বা সংসদকক্ষ ত্যাগ করার সময় এবং তাঁহার আসন গ্রহণ বা ত্যাগ করার সময়ে সভাপতির প্রতি সম্মান প্রদর্শন করিবেন।' স্পিকার বলেন, এ বিধিতে ২০০৬ সালে সংশোধন করে 'ঝুঁকিয়া' শব্দটি বাদ দেওয়া হয়। ২০০৬ সালের ২০ সেপ্টেম্বর অষ্টম সংসদে কার্যপ্রণালি বিধি-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি রিপোর্ট দেয়। ২৬ সেপ্টেম্বর এটি সংসদে গৃহীত হয়। সংসদ সদস্যদের উদ্দেশে স্পিকার বলেন, 'মাননীয় সদস্যবৃন্দ, আপনারা যাঁর যাঁর ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ারের প্রতি সম্মান জানাবেন।'

নিরাপত্তার ঘেরাটোপে সরকার

কোনো সুযোগ নেই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তনি বলেন, এসএসএফ যখন প্রতিষ্ঠিত হয়েছিল, সেই সময়ের সঙ্গে বর্তমান সময়ের অনেক পার্থক্য। বর্তমানে আর্থ-সামাজিক-রাজনৈতিক অবস্থা ও ব্যবস্থা, ভূ-রাজনৈতিক পরিস্থিতি এবং তথ্যপ্রযুক্তির অবাধ বিকাশের ফলে বহুমাত্রিক নিরাপত্তা চ্যালেঞ্জ তৈরি হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্স 'এসএসএফ'-এর ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। তরুণ বেলা থেকেই এসএসএফের কার্যক্রমের সঙ্গে নিজের পরিচিত হওয়ার প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, সরকার প্রধান হিসেবে বর্তমানে প্রতিদিন-প্রতি সময় আমি এসএসএফের কার্যক্রম সরাসরি প্রত্যক্ষ করছি। তবে এসএসএফের কার্যক্রমের সঙ্গে আমার পরিচয় নতুন নয়। মরহুমা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া যখন সরকার প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন তখন থেকেই অর্থাৎ আমার তরুণ বেলা থেকেই আমি এসএসএফের কার্যক্রমের সঙ্গে পরিচিত। তিনি বলেন, খালেদা জিয়ার মৃত্যুর পর শুধু বাংলাদেশ নয়, বিশ্বের ইতিহাসের অন্যতম বৃহত্তম নামাজে জানাজা আয়োজনের ক্ষেত্রেও প্রধান সমন্বয়ক হিসেবে এসএসএফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আমি এসএসএফকে আমার ও আমার পরিবারের পক্ষ থেকে আবারো ধন্যবাদ জানাই। তিনি বলেন, এইসব চ্যালেঞ্জ মোকাবিলায় আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে নিজেদেরকে সার্বক্ষণিক প্রস্তুত রাখা জরুরি। একটি বিশেষায়িত বাহিনী হিসেবে সাহস, দক্ষতা, কৌশল এবং সর্বাধুনিক প্রযুক্তিতে এসএসএফ-এর পিছিয়ে থাকার কোনোই সুযোগ নেই। এসএসএফের প্রতিষ্ঠা বার্ষিকীতে প্রধানমন্ত্রী নিজের বিশেষ দৃষ্টিভঙ্গি শেয়ার করতে চান বলে উল্লেখ করে বলেন, সেটি হলো, সরকার প্রধান হিসেবে জনগণের বিশ্বাস এবং ভালোবাসার ওপরই আমার সবচেয়ে বেশি নির্ভরতা। সুতরাং, নিরাপত্তার ঘেরাটোপ যাতে সরকার প্রধানকে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়, একটি সফিসটিকেটেড বাহিনী হিসেবে সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য আমি আপনাদের প্রতি আহ্বান জানাই।

৩০ মামলার আসামি কালা মাসুদ

নিজ বাড়ি এলাকায় অবস্থান করছিল। পরে বৃহস্পতিবার ভোর ৬টার দিকে সে বাড়িতে প্রবেশ করতে পুলিশ তাকে গ্রেপ্তার করে। এসময় তার বসত ঘরের টিনের চালায় বিশেষ কায়দায় লুকিয়ে রাখা ধারালো অস্ত্র রামদা, চাপাতি, লোহার রড, পাইপ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে তাকে আদালতে সোপর্দ করা হলে বিচারক কারাগারে পাঠানোর আদেশ দেন।

পটুয়াখালী মেডিকেল কলেজ

তিনি। ডা. এ এফ এম আতিকুর রহমান পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের সহযোগী অধ্যাপক ও মেডিসিন বিভাগের চিকিৎসক। কলেজ সূত্র জানিয়েছে, কলেজে সরকারি কাঠামোয় উপাধ্যক্ষ পদ নেই। কিন্তু ২০২৪ সালের ১০ অক্টোবর একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তে ডা. আতিকুর রহমানকে 'উপাধ্যক্ষ' হিসেবে দায়িত্ব দেওয়া হয়। এরপর থেকে তিনি যাবতীয় সুবিধা ভোগসহ অধ্যক্ষের নামে বরাদ্দ গাড়িও ব্যবহার করছেন সন্তানদের স্কুলে আনা-নেওয়াসহ যাবতীয় কাজে। এদিকে অধ্যক্ষের জন্য প্রতি মাসে ১৮০ লিটার জ্বালানি বরাদ্দ থাকলেও গত কয়েক মাসে উপাধ্যক্ষের জন্য ৮৭৫ লিটার জ্বালানির বিল জেলা হিসাব রক্ষণ অফিসে জমা দেওয়া হয়। পরে অস্বাভাবিক জ্বালানি ব্যয়ের বিষয়টি নিয়ে আপত্তি জানিয়ে বিলটি ফেরত দেয় হিসাব বিভাগ। এ বিষয়ে জেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার মোস্তাক আহমদ বলেন, মেডিকেল কলেজের উপাধ্যক্ষ গাড়ির জ্বালানি বাবদ যে হিসাব দিয়েছেন, তা অস্বাভাবিক হওয়ায় আমাদের দায়িত্বরত কর্মকর্তা সেটি ফেরত পাঠিয়েছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষক ও কর্মকর্তা জানান, কলেজের অধ্যক্ষ অধিকাংশ সময়ে অনুপস্থিত থাকেন। নিজের সুবিধার্থে উপাধ্যক্ষ পদটি তৈরি করেছেন আর ডা. আতিক প্রভাব খাটিয়ে এ পদে এসেছেন। পটুয়াখালী মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. মনিরুজ্জামান বলেন, 'গাড়িটি আমার অনুকূলে বরাদ্দ হলেও বিভিন্ন সময় প্রশাসনিক ও ব্যক্তিগত কাজে উপাধ্যক্ষ এটি ব্যবহার করেন।' ডা. আতিকুর রহমান সরকারের নিয়োগ দেওয়া উপাধ্যক্ষ নন এবং তাঁর জন্য গাড়ি বরাদ্দ না থাকলেও কীভাবে ব্যবহার করছেন এমন প্রশ্নে অধ্যক্ষ বলেন, 'তাঁর প্রভাব আছে, তাই তিনি প্রভাব খাটিয়ে গাড়ি ব্যবহার করেন।' অভিযোগের বিষয়ে জানতে চাইলে ডা. আতিকুর রহমান বলেন, 'একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী আমাকে এ পদের দায়িত্ব দেওয়া হয়েছে। এ ছাড়া অধ্যক্ষ নিজেই তো কলেজে সব সময় উপস্থিত থাকেন না। প্রতি শনিবার তিনি কলেজে আসেন না। আর আমি নিয়ম মেনেই সরকারি কাজে গাড়ি ব্যবহার করি। সরকারি বরাদ্দের বাইরে প্রয়োজন হলে ব্যক্তিগতভাবে জ্বালানি কিনেছি। গাড়ি ব্যবহারের ক্ষেত্রে অধ্যক্ষও সব সময় নিয়ম অনুসরণ করেন না।' এ বিষয়ে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের সভাপতি এবং প্রবাসী ও বৈদেশিক কল্যাণ প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেন, 'ডা. আতিকুর রহমানের বিরুদ্ধে এ রকম অভিযোগের সত্যতা পাওয়া গেলে ব্যবস্থা নেওয়া হবে। অনিয়ম করলে কারও ছাড় নেই।'

'গর্ভবতী মায়েদের পুষ্টিসমৃদ্ধ

প্রভাব ফেলে। পুষ্টি নিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের কার্যকর ভূমিকা পালনের পাশাপাশি পরিবারের সদস্যদের এ বিষয়ে সচেতন হতে হবে। সচেতনতা বৃদ্ধি এবং পুষ্টিকর খাদ্যের সহজলভ্যতা নিশ্চিত করা গেলে একটি সুস্থ, সবল ও কর্মক্ষম প্রজন্ম গড়ে তোলা সম্ভব হবে। সভায় শুভেচ্ছা বক্তৃতা দেন, বরিশাল জেলা সিভিল সার্জন ডা. এস.এম. মনজুর-এ-এলাহী। এসময় মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক মেহেরুন নাহার মুন্নি, জেলা প্রশাসনের সহকারী কমিশনার রাজন রায়, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

'উজিরপুর থানা থেকে পুলিশ

২১ ফেব্রুয়ারি ক্রসফায়ারের শিকার দুজন হলেন আগৈলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং একই উপজেলার জাতীয়তাবাদী সামাজিক-সাংস্কৃতিক সংস্থা জাসাসের সাংগঠনিক সম্পাদক কবির মোল্লা। এ মামলায় প্রথম সাক্ষী জবানবন্দি দেওয়ার আগে ট্রাইব্যুনালে সূচনা বক্তব্য উপস্থাপন করেন প্রসিকিউটর মো. সহিদুল ইসলাম সরদার। এর মধ্য দিয়ে এই মামলায় আনুষ্ঠানিক বিচার শুরু হলো। এ মামলায় চার আসামি। এর মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহ এবং বরিশালের সাবেক পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ পলাতক। অপর দুই আসামি বরিশালের উজিরপুর থানার সাবেক সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. মাহাবুল ইসলাম ও মো. জসিম উদ্দিন গ্রেফতার হয়ে কারাগারে আছেন। আজকে সূচনা বক্তব্যের পর প্রথম সাক্ষী হিসেবে জবানবন্দিতে পুলিশ পরিদর্শক অসীম কুমার সিকদার বলেন, ২০১৫ সালের ৯ ফেব্রুয়ারি রাত দেড়টার দিকে আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলামের মাধ্যমে জানতে পারেন, আগৈলঝাড়া থানাধীন বুধার সাকিনের বাইপাস মহাসড়কে কে বা কারা একটি পিকআপ ভ্যানে আগুন দিয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নিতে ওসি তাঁকে যেতে বলেন। সেখানে গিয়ে ফলবাহী পিকআপে আগুন জ্বলতে দেখতে পান। রাত দুইটার দিকে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। আগুন নেভানোর পর ফলের মালিক, পিকআপের মালিক ও ড্রাইভারদের খুঁজে পাননি। ডিউটি শেষে থানায় এলে ওসি বলেন, বাদী না থাকায় তাঁকেই (সাক্ষী) এ বিষয়ে মামলা করতে হবে। এরপর বাধ্য হয়ে এজাহারে সই করেন তিনি। সেই এজাহারের ভিত্তিতে মামলা হয়। ২০১৫ সালের ২০ ফেব্রুয়ারি পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ আগৈলঝাড়া থানায় আসেন উল্লেখ করে জবানবন্দিতে অসীম কুমার সিকদার বলেন, এসপি এসে ওসির কক্ষে বসেন এবং তাঁকে ডেকে পাঠানো হয়। তিনি (সাক্ষী) এলে এসপি তাঁকে উদ্দেশ করে বলেন, 'অগ্নিকাণ্ডের মামলায় এসআই নজরুল ইসলাম ঢাকা থেকে দুজন আসামিকে গ্রেফতার করেছে। আসামিদের নিয়ে আসা হচ্ছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ আছে তাঁদের ক্রসফায়ার দিতে হবে। এ কাজ তোমাকেই করতে হবে।' তবে তিনি এ কাজে রাজি না হলে পুলিশ সুপার তাঁকে গালাগাল করেন এবং ওসির কক্ষ থেকে বের করে দেন। পরে জানতে পারেন, পুলিশ সুপার এভাবে আগৈলঝাড়া থানার সব অফিসারকে ডেকে নিয়ে একই প্রস্তাব দেন এবং কেউ রাজি হননি। ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি রাত ১টার দিকে আগৈলঝাড়া থানার উত্তর দিকে বাইপাস ব্রিজে দায়িত্ব পালন করছিলেন উল্লেখ করে অসীম কুমার সিকদার বলেন, রাত ২টার দিকে পুলিশ সুপারের গাড়ি তাঁদের অতিক্রম করে বুধার এলাকার দিকে যায়, যার পেছনে একটি মাইক্রোবাস ছিল। রাত সোয়া দুইটার দিকে বাইপাস ব্রিজ থেকে আধা কিলোমিটার পশ্চিম-দক্ষিণ দিক থেকে কয়েকটি গুলির শব্দ শুনতে পান তিনি। আগুনের শিখার মতো কিছু একটা দেখতেও পান তিনি। শেষ রাতের দিকে তিনি থানায় ফিরে যান। সকাল বেলায় ওসি বলেন, রাত সোয়া দুইটার দিকে গ্রেফতার আসামি আগৈলঝাড়া উপজেলার ছাত্রদলের যুগ্ম সম্পাদক মো.টিপু হাওলাদার এবং আগৈলঝাড়া উপজেলা জাসাসের সাংগঠনিক সম্পাদক মো.কবির মোল্লাকে ক্রসফায়ার দেওয়া হয়েছে। আগৈলঝাড়া থানার কোনো অফিসার ও ফোর্স এ ঘটনা সংঘটনে রাজি না হওয়ায় পুলিশ সুপার পার্শ্ববর্তী উজিরপুর থানা থেকে এএসআই মাহবুল ও এএসআই জসিমকে নিয়ে এ ঘটনা ঘটান।

এক ইলিশের দাম

সকালে পৌরসভার রহিম মাঝি ভোলার দৌলতখানের মেঘনা নদীতে ইলিশ ধরার জন্য জাল ফেলেন । কয়েকবার জাল ফেলে ইলিশ না পেয়ে হতাশ হয়ে পড়েন তিনি। শেষবারের মত ফেলা জালে ওই রাজা ইলিশটি ওঠে। তবে এ সময় অন্য কোনো মাছ তার জালে ধরা পরেনি। এরপর ঘাটে এসে মাছটি নিলামে ৫ হাজার টাকায় বিক্রি করেন।

ভয়াবহ লোডশেডিংয়ের

আওতাধীন প্রায় ৩ লাখ ২৫ হাজার গ্রাহকের ক্ষেত্রেও। এদিকে সবচেয়ে উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়েছে শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে। অভিযোগ উঠেছে, লোডশেডিংয়ের সময় হাসপাতালের আইসিইউ ইউনিটেও বিদ্যুৎ থাকে না। রোগীর স্বজনদের দাবি, অনেক সময় হাতপাখা, মোবাইলের আলো ও মোমবাতির ওপর নির্ভর করতে হচ্ছে। ব্যবসায়ী আরিফুর রহমান জানান, আইসিইউতে গিয়ে তিনি অন্ধকার পরিবেশ দেখতে পান। তাঁর অভিযোগ, "শত শত কোটি টাকা ব্যয়ে হাসপাতালের উন্নয়ন হলেও আইসিইউর জন্য কার্যকর বিকল্প বিদ্যুৎ ব্যবস্থার অভাব অত্যন্ত উদ্বেগজনক।" তবে এ বিষয়ে হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মশিউল মুনীরের বক্তব্য পাওয়া যায়নি। লোডশেডিং নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমেও ক্ষোভ প্রকাশ করেছেন বরিশাল জেলা (দক্ষিণ) বিএনপির সদস্যসচিব আবুল কালাম শাহিন। তিনি বলেন, আগামী ২ জুলাই শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষার আগে শিক্ষার্থীরা বিদ্যুৎ সংকটে পড়াশোনা করতে পারছে না, অথচ গভীর রাত পর্যন্ত বাণিজ্য মেলায় বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রয়েছে। বরিশাল বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ বিভাগ-১-এর নির্বাহী প্রকৌশলী মনজুল কুমার স্বর্ণকার জানান, তাঁর আওতায় নগরের একাংশ ও ঝালকাঠি মিলিয়ে ৯০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ পাওয়া যাচ্ছে মাত্র ৫০ মেগাওয়াট। অন্যদিকে বিভাগ-২-এর উপবিভাগীয় প্রকৌশলী সুব্রত মালাকার জানান, ৪২ মেগাওয়াট চাহিদার বিপরীতে তারা পাচ্ছেন মাত্র ২২ মেগাওয়াট। ফলে এক ঘণ্টা পরপর লোডশেডিং দিতে বাধ্য হচ্ছেন। পাওয়ার গ্রিডের বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. আক্তারুজ্জামান পলাশ বলেন, "জেনারেশন শর্টের কারণে বরিশালে ২০ থেকে ২৫ শতাংশ লোডশেডিং হচ্ছে। দ্রুত পরিস্থিতির উন্নতি হবে বলে আশা করছি।" বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটির সহসভাপতি আব্দুর রশিদ নিলু বলেন, "এত ভয়াবহ লোডশেডিং গ্রহণযোগ্য নয়। বিদ্যুৎ বণ্টনে সমতা নিশ্চিত করতে হবে। বিশেষ করে শেবাচিম হাসপাতালের আইসিইউতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে জরুরি ভিত্তিতে জেনারেটরের ব্যবস্থা করা প্রয়োজন।" সম্প্রতি শেবাচিম হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি জানিয়েছেন, আগামী জুলাইয়ে ব্যবস্থাপনা কমিটির প্রথম সভায় হাসপাতালের চিকিৎসাসেবার মানোন্নয়ন এবং প্রয়োজনীয় অবকাঠামোগত সমস্যাগুলো সমাধানে কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।

নেছারাবাদ আইডিয়াল ইনস্টিটিউটে বর্ণাঢ্য ফল উৎসব

নেছারাবাদ প্রতিনিধি

দেশি ফলের পরিচিতি ও পুষ্টিগুণ সম্পর্কে নতুন প্রজন্মকে সচেতন করে তোলার লক্ষ্যে নেছারাবাদের নেছারাবাদ আইডিয়াল ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়েছে বর্ণাঢ্য 'ফল উৎসব'। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে বিদ্যালয়ে আয়োজিত এ উৎসবে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকমণ্ডলী উপস্থিত ছিলেন। উৎসবে একটি আকর্ষণীয় ফল প্রদর্শনীর আয়োজন করা হয়, যেখানে গ্রাম বাংলার ২০টিরও বেশি বৈচিত্র্যময় দেশি-বিদেশি ফল কেটে নান্দনিকভাবে সাজিয়ে প্রদর্শন করা হয়। শিশু ও অভিভাবকরা স্বতঃস্ফূর্তভাবে নিজ হাতে ফল সাজিয়ে এই উৎসবে অংশ নেন। চলতি বছরের জানুয়ারিতে যাত্রা শুরু করা নেছারাবাদ আইডিয়াল ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন সাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ জাহিদুল ইসলাম। শিশুদের যুগোপযোগী মানসম্মত শিক্ষার পাশাপাশি দেশীয় সংস্কৃতির চর্চা ও সঠিক মানসিক বিকাশের লক্ষ্যে নিয়মিত ব্যতিক্রমী সব আয়োজন করে আসছে প্রতিষ্ঠানটি। এরই অংশ হিসেবে মধু মাস উদযাপনে এই ফল উৎসবের আয়োজন করা হয়। উৎসবে আসা অভিভাবকরা জানান, এই আয়োজনের মাধ্যমে শিশুরা একদিকে যেমন দেশীয় ফলের সাথে পরিচিত হতে পারছে, অন্যদিকে এর পুষ্টিগুণ সম্পর্কেও ধারণা পাচ্ছে। বিদ্যালয়ের এমন উদ্যোগে তারা অত্যন্ত আনন্দিত। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুর রাজ্জাক বলেন, "পড়াশোনার পাশাপাশি আমরা শিশুদের মানসিক বিকাশ, আদব-কায়দা ও নৈতিকতা শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছি। দেশীয় ফলের সঙ্গে শিশুদের পরিচয় করিয়ে দিতেই আমাদের এই আনন্দঘন আয়োজন।"

গ্রামাঞ্চলে প্রতি তিনজনে

উন্নয়ন সহযোগীরা উপস্থিত ছিলেন। গবেষণায় দেখা যায়, কিশোর-কিশোরীদের মধ্যে যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার (এসআরএইচআর) বিষয়ক জ্ঞানের ক্ষেত্রে বড় ধরনের ঘাটতি রয়েছে, যা স্কুল পর্যায় থেকেই কার্যকর শিক্ষার প্রয়োজনীয়তাকে জরুরি করে তুলেছে। আইসিডিডিআর,বি পরিচালিত বালিয়াকান্দি হেলথ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভেইল্যান্স সিস্টেমের (এইচডিএসএস) আওতায় ২ হাজার ৭১৩ জন কিশোর-কিশোরীর ওপর ২০২৩ থেকে ২০২৫ সাল পর্যন্ত দীর্ঘ ২৪ মাস এ গবেষণা চালানো হয়। গবেষণার তথ্য অনুযায়ী, ১২ থেকে ১৬ বছর বয়সী এক হাজার ২৫৫ জন কিশোরীর মধ্যে ৬৪ শতাংশই কোনো না কোনো মাসিকজনিত সমস্যায় ভুগেছে। এর মধ্যে সবচেয়ে বড় সমস্যা ছিল মাসিকের তীব্র ব্যথা বা 'ডিসমেনোরিয়া' যা দেখা গেছে ৫৬ শতাংশের মধ্যে। ৯ শতাংশ কিশোরী প্রতিনিয়ত এ তীব্র ব্যথায় ভোগে। মাসিকের তীব্র ব্যথার কারণে প্রায় ৪০ শতাংশ কিশোরীর প্রতিদিনের স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হচ্ছে। আর প্রতি চারজনের মধ্যে একজন কিশোরী তীব্র ব্যথা বা অতিরিক্ত রক্তক্ষরণের কারণে স্কুলে অনুপস্থিত থাকতে বাধ্য হচ্ছে।

বাংলাদেশ-ভারতের সংলাপের মাধ্যমে

মানবাধিকার ও মানবিক মর্যাদার প্রতি পূর্ণ সম্মান থাকতে হবে।' দ্বিতীয় আরেকটি প্রশ্নে ডুজারিকের কাছে জানতে চাওয়া হয়, জাতিসংঘ সাধারণ পরিষদের (জিএ) নবনির্বাচিত সভাপতি বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সময়ে রোহিঙ্গাবিষয়ক উচ্চ প্রতিনিধি হিসেবে দায়িত্বে ছিলেন। আর কয়েক মাস পর তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি হিসেবে নতুন দায়িত্বে কাজ শুরু করবেন। অন্যদিকে মহাসচিব এর আগে শরণার্থীবিষয়ক হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাহলে এখন কি আমরা রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে আশাবাদী হতে পারি? জবাবে ডুজারিক বলেন, 'সাধারণ পরিষদের সভাপতির ভূমিকা হলো সাধারণ পরিষদের কার্যক্রম পরিচালনা করা। তাই মহাসচিব এবং সাধারণ পরিষদের সভাপতির মধ্যে যে যোগাযোগ হবে, তা সাধারণ পরিষদ-সংক্রান্ত বিষয়গুলোকে কেন্দ্র করেই হবে। আর রোহিঙ্গাবিষয়ক কাজ চলতে থাকবে।'

কালেক্টরেট স্কুলের পাশে বাণিজ্য মেলার

ইন্ডাস্ট্রিজ। আশপাশের আরও ৪ থেকে ৫টি বিদ্যালয়ের শিক্ষার্থীরাও পরেশ সাগর মাঠ ব্যবহার করে। খেলার মাঠে মেলা আয়োজন সরকারিভাবে নিষিদ্ধ জানিয়ে মেলা বন্ধের দাবিতে হাইকোর্টে রিট করেছিলেন মানবাধিকারকর্মী রণি সিকদার। এর প্রেক্ষিতে উচ্চ আদালত মেলার ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা দেয়। ঈদুল আজহার দুই দিন আগে সরকারি ছুটির মধ্যে মেলার উদ্বোধন করা হয়। স্থানীয় এমপি মজিবর রহমান সরোয়ার ও বিভাগীয় কমিশনারসহ প্রশাসনের শীর্ষ কর্মকর্তাদের অতিথি করা হলেও তারা কেউ উদ্বোধনী অনুষ্ঠানে যাননি। ঈদুল আজহার ছুটির পর গত ৭ জুন থেকে বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। দীর্ঘদিন ছুটির পর ক্লাসে ফিরে শিক্ষার্থীরা দুর্গন্ধের কবলে পড়ে। বাতাসে দুর্গন্ধ ছড়িয়ে আশপাশের পরিবেশও অসহনীয় হয়ে ওঠে। এর প্রতিবাদে বুধবার নগরের টাউন হলের সামনে মানববন্ধন করে কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা। এতে কোন কাজ না হলে, আজ তারা স্কুলছুটির পর বাথরুমগুলোর টিনের বেড়া ভেঙে দেয়। বিদ্যালয়ের শিক্ষার্থী সাইমুন ইসলাম জানান, ঈদের পর স্কুলে ফিরে দুর্গন্ধে ক্লাস করা কষ্টকর হয়ে ওঠে। আগের দিন তারা মানববন্ধন করে মেলা কর্তৃপক্ষকে শৌচাগার সরিয়ে নিতে বলেছিল। কিন্তু মেলা কর্তৃপক্ষ শৌচাগার সরিয়ে না ফেলায় তারা ছুটির পর বাথরুমগুলোর টিনের বেড়া ভেঙে দিয়েছে। কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ অলিউল ইসলাম জানান, গণশৌচাগার থেকে ছড়ানো দুর্গন্ধে অসহনীয় পরিবেশের বিষয়টি বরিশাল চেম্বার অব কমার্সের সভাপতি এবায়দুল হক চাঁন ও জেলা প্রশাসককে জানানো হয়েছে। বরিশাল চেম্বার অব কমার্সের পরিচালক জিএম আতায়ে রাব্বী বলেন, বিষয়টি চেম্বারের সংশ্লিষ্টদের সঙ্গে তিনি আলোচনা করবেন।

দেশে হামে আক্রান্ত ১ লাখ

বাসিন্দা। এই এক দিনে নতুন করে সন্দেহভাজন হাম রোগী হিসেবে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে ৯০৭ জন, যার মধ্যে ৩৩১ জনই ঢাকা বিভাগের। গত ১৫ মার্চ দেশে প্রথম হাম রোগী শনাক্ত হওয়ার পর থেকে এ পর্যন্ত হাসপাতালে মোট ভর্তি হয়েছে ৭৪ হাজার ১৮৪ জন। চিকিৎসা শেষে সুস্থ হয়ে হাসপাতাল থেকে মোট ৭০ হাজার ৫০৩ জন বাড়ি ফিরে গেছেন বলেও স্বাস্থ্য অধিদপ্তরের এই প্রতিবেদনে নিশ্চিত করা হয়েছে।

ভ্যাটসহ স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ, ভরিতে কমলো ৯০১৩ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার দাম নতুন করে নির্ধারণ করা হয়েছে। এতদিন ভ্যাট বাদে সোনার দাম নির্ধারণ করা হলেও এবার ভ্যাটসহ দাম নির্ধারণ করে দেওয়া হয়েছে। ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৩২ হাজার ৯৩০ টাকা। এতে ভরিতে দাম কমেছে ৯ হাজার ১৩ টাকা। বৃহস্পতিবার (১৮ জুন) সকাল ১০টা থেকে এ দাম কার্যকর হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। বৃহস্পতিবার সকালে বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠকে করে এ দাম নির্ধারণের সিদ্ধান্ত নিয়েছে। পরে কমিটির চেয়ারম্যান ডা. দেওয়ান আমিনুল ইসলাম শাহীন সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে গত ১৫ জুন ভালো মানের এক ভরি সোনার দাম নির্ধারণ করা হয় ২ লাখ ৩০ হাজার ৪২২ টাকা। এর ওপর ৫ শতাংশ ভ্যাট নির্ধারিত ছিল। এতে ভ্যাটসহ ভালো মানের এক ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারিত হয় ২ লাখ ৪১ হাজার ৯৪৩ টাকা। এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি স্বর্ণালঙ্কারের নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৩২ হাজার ৯৩০ টাকা। ২১ ক্যারেটের এক ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২২ হাজার ৪৯১ টাকা। এতে ভরিতে দাম কমেছে ৮ হাজার ৪৯১ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৯১ হাজার ৫৬ টাকা নির্ধারণ করা হয়েছে। এতে ভরিতে দাম কমেছে ৬ হাজার ৯২০ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৫৬ হাজার ৬৪ টাকা। এতে ভরিতে দাম কমেছে ৫ হাজার ১৭০ টাকা। এর আগে গত ১৫ জুন সকাল ১০টা থেকে সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনায় ৫ হাজার ৪৮২ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয় ২ লাখ ৩০ হাজার ৪২২ টাকা। এর সঙ্গে ৫ শতাংশ বা ১১ হাজার ৫২১ টাকা ভ্যাট যুক্ত হয়ে প্রতি ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারিত হয় ২ লাখ ৪১ হাজার ৯৪৩ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনায় ৫ হাজার ২৪৯ টাকা বাড়িয়ে ২ লাখ ১৯ হাজার ৯৮৩ টাকা নির্ধারণ করা হয়। এর সঙ্গে ৫ শতাংশ বা ১০ হাজার ৯৯৯ টাকা ভ্যাট যুক্ত হয়ে প্রতি ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারিত হয় ২ লাখ ৩০ হাজার ৯৮২ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনায় ৪ হাজার ৪৯১ টাকা বাড়িয়ে দাম ১ লাখ ৮৮ হাজার ৫৪৯ টাকা নির্ধারণ করা হয়। এর সঙ্গে ৯ হাজার ৪২৭ টাকা ভ্যাট যুক্ত হয়ে প্রতি ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারিত হয় ১ লাখ ৯৭ হাজার ৯৭৬ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনায় ৩ হাজার ৬৭৫ টাকা বাড়িয়ে দাম নির্ধারণ করা হয় ১ লাখ ৫৩ হাজার ৫৫৭ টাকা। এর সঙ্গে ৭ হাজার ৬৭৮ টাকা ভ্যাট যুক্ত হয়ে প্রতি ভরি স্বর্ণালঙ্কারের দাম নির্ধারিত হয় ১ লাখ ৬১ হাজার ২৩৪ টাকা। বৃহস্পতিবার সকাল ৯টা ৫৯ মিনিট পর্যন্ত এ দামেই স্বর্ণালঙ্কার বিক্রি হয়েছে। ভ্যাটসহ স্বর্ণালঙ্কারের দাম নির্ধারণ করা হলেও রুপার ক্ষেত্রে আগের নিয়মই রাখা হয়েছে। অর্থাৎ রুপার অলংকার কিনতে নির্ধারিত দামের ওপর ৫ শতাংশ ভ্যাট দিতে হবে। ২২ ক্যারেটের এক ভরি রুপার দাম নির্ধারণ করা হয়েছে ৫ হাজার ৩৬৫ টাকা। এছাড়া ২১ ক্যারেটের এক ভরি রুপার দাম ৫ হাজার ১৩২ টাকা, ১৮ ক্যারেটের এক ভরি রুপার দাম ৪ হাজার ৪৩২ টাকা এবং সনাতন পদ্ধতির এক ভরি রুপার দাম ৩ হাজার ৩২৪ টাকা নির্ধারণ করা হয়েছে।

ভাণ্ডারিয়ায় দুই জেলেকে

রক্ষায় কর্ম ইউএনও মো. হাসিবুল হাসান উপজেলার কঁচা ও পোনা নদীতে নিয়মিত অভিযান পরিচালনা করেন। তারই ধারাবাহিকতায় বুধবার সন্ধ্যায় কঁচা নদীতে অভিযান চালিয়ে রাক্ষুসে নেট (বেহুন্দী জাল) ব্যবহার করে জাটকা নিধন ও অবৈধ মৎস্য আহরণের অভিযোগে পার্শবর্তী জিয়ানগর উপজেলার পাড়েরহাট এলাকার ইউসুফ আলী বেপারীর ছেলে জসিম বেপারী এবং একই এলাকার ইউনুস আলীর ছেলে মোহর আলীকে আটক করা হয়। অভিযানকালে একটি রাক্ষুসে নেট (বেহুন্দী জাল) এবং প্রায় ৫ কেজি গুঁড়া মাছ জব্দ করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ভাণ্ডারিয়ার ইউএনও মো. হাসিবুল হাসান মৎস্য সংরক্ষণ ও সুরক্ষা আইন, ১৯৫০-এর ৩(৩)(ক)(অ) ধারা লঙ্ঘনের দায়ে এবং ৫(১) ধারার বিধান অনুযায়ী দুই জেলেকে মোট ৫০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন। অভিযানে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সৈয়দ নজরুল ইসলামসহ পুলিশ সদস্য ও মৎস্য বিভাগের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। জনস্বার্থে ভবিষ্যতেও এ অভিযান অব্যাহত থাকবে।

শিশুকে গরম খুন্তি দিয়ে

বিবাহ বিচ্ছেদ হয়। এরপর থেকে মাহীকে তিনি তার স্বামীর বাড়িতে নিয়ে লালন পালন করেন। পরে মাহীর বাবা ২০২৩ সালের আগস্ট মাসে ২য় বিবাহ করলে মাহীকে বাবার বাড়িতে দিয়ে যান। মাহীর সৎ মা ছয় মাস মাহীকে কিছু না বললেও পরবর্তীতে ওর উপর নির্যাতন শুরু করেন। এদিকে স্কুল ছাত্রী মাহীর বাবা চট্টগ্রামে জাহাজে চাকুরী করায় দিন দিন এ নির্যাতনের মাত্রা বাড়তেই থাকে বলে জানান ফুফু আসমা বেগম। বৃদ্ধ দাদী আয়শা বেগম বলেন, অসহায় নাতনি তাসনিয়াতুল মাহীকে পুত্রবধু আসমা ইচ্ছেমত মারধর করে। এমনকি গ্যাসের চুলায় খুনতি গরম করে ওর শরীরের বিভিন্ন স্থানে চেপে ধরে। আমি এর প্রতিবাদ করলে আমাকে একদিন জুতা দিয়ে আঘাত করে। তাছাড়া প্রায়ই ঝাড়ু নিয়ে আমাকেও মারতে তেড়ে আসে। দাদা আঃ রব গাজী জানান, ছোট নাতনির ওপর এতো নির্যাতন করে যা ভাষায় প্রকাশ করা যায়। আমরা কিছু বললে পুত্রবধু নিজে নিজে আত্মহত্যা করতে যায়। আমাদের মামলায় দিবে জেলা খাটাবে বলে বিভিন্ন ধরণের হুমকি দেয়। স্কুল ছাত্রী তাসনিয়াতুল মাহী বলেন, আমি মাঝে মধ্যে রাতে ঘুমের ঘরে প্রসাব করি। এজন্য আমাকে খাটের নিচে ফেলে রাখতো। খুনতি গরম করে পিঠে ও রানে চেপে ধরে। ভাত খেতে গেলে গলা চেপে ধরে। অসহায় শিশু তাসনিয়া সৎ মায়ের এ অত্যাচারের বিচার চান। এ ব্যাপারে অভিযুক্ত আসমা বেগম শ্বশুর বাড়ি থেকে বাবার বাড়িতে চলে যাওয়ায় তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

বন্ধুদের সঙ্গে পুকুরে নেমে

নিচে চলে যায় এবং আর উপরে উঠতে পারেনি। এ সময় জিহাদকে দেখতে না পেয়ে সঙ্গে থাকা অন্যান্য শিশুরা চিৎকার শুরু করলে স্থানীয় লোকজন ছুটে এসে সিঁড়ি ঘাটলার নিচ থেকে তাকে উদ্ধার করেন। পরে দ্রুত তাকে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে বাউফল থানার ওসি সিরাজুল ইসলাম বলেন, ‘পরিবারের পক্ষ থেকে কোনো ধরনের আপত্তি না থাকায় থানায় একটি ইউডি মামলা করা হয়েছে।’ জিহাদের আকস্মিক মৃত্যুতে সহপাঠী, পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কুয়াকাটায় হোটেল থেকে ইয়াবা

ভোগ করতে হবে। এ ছাড়া নিরব প্রামানিক (২১), মো. শাহেদ ইসলাম (২০), মো. হাসিবুল ইসলাম (১৯), মো. বাপ্পি (১৯) ও মো. বিল্লালকে (২২) ১৪ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে তাদের আরও তিন দিনের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক। অভিযানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও অংশ নেন।

ইউএনওর আইডি জটিলতায়

তৈরি, নতুন পাসপোর্ট আবেদন, শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি এবং বিভিন্ন সরকারি-বেসরকারি জরুরি সেবা গ্রহণে মারাত্মক বাধার মুখে পড়ছেন তারা। নিরুপায় হয়ে সেবাপ্রত্যাশীরা প্রতিদিন উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে গেলেও আইডি ও পাসওয়ার্ড সংক্রান্ত জটিলতার কারণে তাদের কেবলই অপেক্ষা করতে বলা হচ্ছে। উপজেলার লেবুখালী ইউনিয়নের ফরিদুল ইসলাম, পাঙ্গাশিয়া ইউনিয়নের হেদায়েতুল্লাহ এবং শ্রীরামপুর ইউনিয়নের সাইফুল বাশারসহ একাধিক ভুক্তভোগী ক্ষোভ প্রকাশ করে দ্রুত এই সমস্যার সমাধান দাবি করেছেন। তারা বলেন, প্রশাসনিক ও কারিগরি জটিলতার দোহাই দিয়ে দিনের পর দিন মৌলিক নাগরিক সেবা ব্যাহত থাকা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। স্থানীয় সূত্রে জানা গেছে, দুমকি উপজেলার ৫টি ইউনিয়নের শত শত সাধারণ মানুষের আবেদন বর্তমানে এই সার্ভার জটিলতায় আটকে রয়েছে। প্রতিদিন দূর-দূরান্ত থেকে বহু মানুষ জন্মনিবন্ধন সংক্রান্ত কাজের জন্য এসে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষার পর হতাশ হয়ে বাড়ি ফিরে যাচ্ছেন। এ বিষয়ে দুমকি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবদুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরী বলেন, আমি সম্প্রতি এই উপজেলায় দায়িত্ব গ্রহণ করেছি। তবে জন্ম নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্য অফিশিয়াল যে আইডি ও পাসওয়ার্ড প্রয়োজন, তা এখনও উর্ধ্বতন কর্তৃপক্ষ থেকে বুঝিয়ে দেওয়া হয়নি। বিষয়টি সংশ্লিষ্ট বিভাগকে ইতোমধ্যে লিখিতভাবে অবহিত করা হয়েছে এবং দ্রুত সমাধানের চেষ্টা চলছে। আশা করছি আইডি ও পাসওয়ার্ড পাওয়া মাত্রই আটকে থাকা সব আবেদন অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করা হবে।

লালমোহনে গাঁজাসহ আটক

সূত্রে জানা যায়, আমির হোসেন একসময় লালমোহনের ওয়েস্টার্ন পাড়া এলাকার আরাফাত বোর্ডিংয়ে চাকরি করতেন। বর্তমানে তিনি ভ্রাম্যমাণভাবে মাদক বিক্রির সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে।

খালে ভেসে যাওয়া বৃদ্ধাকে উদ্ধার

জানা যায়, পিরোজপুর শহরের শেখপাড়া বসন্তপুল এলাকার ভারানি খালে ভেসে আসতে দেখা যায় প্রায় ৭৫ বছর বয়সী বিমলা শিকদার নামের এক বৃদ্ধাকে। পরে বসন্তপুল এলাকার ১২ বছর বয়সী শিশু মারিয়া তাকে উদ্ধার করে নিজ বাড়িতে নিয়ে যায়। মারিয়া ও তার পরিবার বৃদ্ধার ভেজা কাপড় পরিবর্তন করিয়ে খাবারের ব্যবস্থা করেন এবং তার পরিচয় জানার চেষ্টা করেন। এ ঘটনার পরপরই আশপাশের মানুষজন ঘটনাস্থলে ভিড় করে। তবে বৃদ্ধা নিজের বাড়ির ঠিকানা বা পরিবারের বিষয়ে স্পষ্ট কোনো তথ্য দিতে না পারায় মারিয়া ও তার পরিবার দুশ্চিন্তায় পড়ে। পরে বিষয়টি পিরোজপুরের স্থানীয় অনলাইন গণমাধ্যম ‘স্বাধীন ২৪’ এবং ‘পিরোজপুর নিউজ’-এ সরাসরি সম্প্রচার (লাইভ) করা হলে পিরোজপুর জেলা ছাত্রদলের নেতাকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে বৃদ্ধার পরিচয় অনুসন্ধানে কাজ শুরু করেন এবং প্রশাসন ও পুলিশকে অবহিত করেন। জানা যায়, বৃদ্ধার নাম বিমলা শিকদার (৭৫)। তিনি পিরোজপুর শহরের পালপাড়া এলাকার মৃত রতন শিকদারের মা। এ ঘটনায় বৃদ্ধাকে পুলিশ, জেলা ছাত্রদল ও স্থানীয়দের সহযোগিতায় হাসপাতালে নিয়ে প্রয়োজনীয় চিকিৎসা ও পর্যবেক্ষণের ব্যবস্থা করা হয়। পরবর্তীতে পরিবারের সদস্যদের কাছে বিমলা শিকদারকে হস্তান্তর করা হয়। এ সময় হাসপাতালে উপস্থিত হন বৃদ্ধার নাতি জয় (১৮) ও তার মা। জয় জানান, তার দাদির এক ছেলে ও এক মেয়ে ছিল। তার বাবা মারা গেছেন এবং ফুফু মঠবাড়িয়ায় থাকেন। বর্তমানে দাদি তাদের সঙ্গেই থাকেন। জয় বলেন, আমার মা অসুস্থ। দাদি প্রায়ই বাসা থেকে একা বের হয়ে যান। বুধবার সকালেও তিনি বাসা থেকে বের হয়ে যাওয়ার পর আমরা অনেক খোঁজাখুঁজি করেও তাকে পাইনি। পরে জানতে পারি তিনি হাসপাতালে আছেন। পিরোজপুর জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন কুমার বলেন, আমরা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি দেখতে পেয়ে সেখানে উপস্থিত হয়ে অসহায় বৃদ্ধার শারীরিক অবস্থা জানার চেষ্টা করি। পরে পুলিশ ও স্থানীয়দের সহযোগিতায় তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসা দেওয়া হয় এবং পরিবারের কাছে হস্তান্তর করা হয়। পিরোজপুর সদর থানার সাব-ইন্সপেক্টর মো. আসিফ শেখ বলেন, স্থানীয় সাংবাদিক ও ছাত্রদলের নেতৃবৃন্দের মাধ্যমে বিষয়টি জানতে পেরে আমরা দ্রুত ঘটনাস্থলে চলে আসি। ওই বৃদ্ধাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করি এবং পরিচয় শনাক্ত হওয়ার পর তাকে পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়।

বরগুনায় ২৫ দিনে ১৪ মরদেহ

নেন। কয়েক ঘণ্টা পর কেয়ারটেকার এক শিশুকে অচেতন অবস্থায় দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। পরে দরজা ভেঙে মা ও দুই সন্তানের মরদেহ উদ্ধার করা হয়। ঘটনাটি আত্মহত্যা নাকি পরিকল্পিত হত্যাকাণ্ড, তা নিয়ে এখনো রহস্য কাটেনি। নিহতের স্বজনরা এটিকে ?‘হত্যাকাণ্ড’ দাবি করে সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন। এর কয়েকদিন পর ৮ জুন বরগুনা সদর উপজেলার গৌরীচন্না বাজার সংলগ্ন বড় খাল থেকে ব্যবসায়ী মো. শামীমের মাথাবিহীন মরদেহ উদ্ধার করা হয়। এর আগে ৭ জুন সন্ধ্যায় তিনি বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হন। ১৯ মে আমতলী উপজেলার পশ্চিম চিলা গ্রামের একটি ধানক্ষেত থেকে অজ্ঞাতপরিচয় এক নারীর মরদেহ উদ্ধার করা হয়। পরে ২৬ মে জেলা জজ আদালত চত্বর সংলগ্ন এলাকা থেকে উদ্ধার করা হয় আরেক নারীর মরদেহ। পরিচয় শনাক্ত না হওয়ায় ময়নাতদন্ত শেষে তাকে গণকবরে দাফন করা হয়। ১২ জুন মাদক ব্যবসায় বাধা দেওয়াকে কেন্দ্র করে প্রথমে কুপিয়ে আহত করা হয় প্যানেল চেয়ারম্যানকে। তার অবস্থা সংকটাপন্ন দেখে গ্রামবাসী ও তার স্বজনরা মিলে গণপিটুনি ও কুপিয়ে হত্যা করেন কালু বাহিনীর প্রধান হিসেবে পরিচিত ইব্রাহিম হোসেন কালুকে। পরদিন ১৩ জুন পাথরঘাটা উপজেলার একটি সড়কের পাশ থেকে এক রিকশাচালকের মরদেহ উদ্ধার করা হয়। একই সময়ে বরগুনা সদরে দুই নারী, বামনায় এক যুবক এবং বেতাগীতে এক নারীর মরদেহ উদ্ধার করা হয়। ১৪ জুন খোদ তালতলী থানা পুলিশের ব্যারাক থেকে ফারুক হোসেন নামে এক পুলিশ সদস্যের মরদেহ উদ্ধার করা হয়। তার কক্ষ থেকে চার পৃষ্ঠার একটি চিঠিও উদ্ধার করেছে পুলিশ। পরিবারের ও সংশ্লিষ্টদের দাবি, তিনি আত্মহত্যা করেছেন। সবশেষ মঙ্গলবার (১৬ জুন) বরগুনা সদর উপজেলার হেউলিবুনিয়া গ্রামে এলিজা নামের এক গৃহবধূর মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত ইতি রানীর স্বামী দুলাল চন্দ্র বিশ্বাস বলেন, ‘আমার স্ত্রী জেলা পরিষদ ডাকবাংলোয় মাস্টার রোলে চাকরি করতো। মারা যাওয়ার আগেও আমি যখন কাজের জন্য বাইরে যাই, ওকে ২০০ টাকা দিয়ে গিয়েছিলাম বাজার করতে। ও বলছিল, ওর বোনের বাসায় যাবে। কিন্তু দুপুরে শুনলাম আমার দুই সন্তান নিয়ে ও বেঁচে নেই।’ তিনি বলেন, ‘আমাদের মধ্যে কোনো পারিবারিক অশান্তি ছিল না। আমার বাচ্চারাও কখনো ডাকবাংলাতে যায়নি। আমি এর সুষ্ঠু বিচার চাই।’ শামীম হত্যার পরে এলাকাবাসী আতঙ্কে দিন কাটাচ্ছেন জানিয়ে স্থানীয় বাসিন্দা টিটু খান বলেন, ‘শামীমের মতো এমন নিরীহ মানুষকে যেভাবে হত্যা করা হয়েছে, তাতে আমরা এলাকাবাসী খুবই আতঙ্কে আছি। শামীমের কোনো শত্রু ছিল না, তাও ওকে নির্মমভাবে হত্যা করা হয়েছে।’ বরগুনায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে দাবি করে আইনজীবী আব্দুল ওয়াসি মতিন বলেন, ‘আমরা চাই পুলিশ ও জেলা প্রশাসন, স্থানীয় নাগরিকদের সমন্বয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে একটি সভা করুক। সেখানে আইনশৃঙ্খল পরিস্থিতি কীভাবে উন্নয়ন করা যায়, সে বিষয়ে সিদ্ধান্ত হোক। চিহ্নিত হত্যাকাণ্ডগুলোর দ্রুত নিষ্পত্তি করাও খুব প্রয়োজন।’ একের পর এক মরদেহ উদ্ধারের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন সচেতন নাগরিক অধিকার সংরক্ষণ কমিটি (সনাক) বরগুনার সাবেক সভাপতি মনির হোসেন কামাল। তিনি বলেন, ‘বরগুনায় একের পর এক মরদেহ উদ্ধারের ঘটনায় আইনশৃঙ্খলা পরিস্থিতি এক ধরনের অবনতির দিকে যাচ্ছে। এতে জনমনে আতঙ্ক বাড়ছে। এতগুলো মরদেহ উদ্ধারের পর তাদের মৃত্যুর সঠিক কারণ কী, তা এখনো প্রকাশ করতে পারেনি পুলিশ। পুলিশের এমন ভূমিকার কারণে মানুষের মধ্যে এক ধরনের হতাশা কাজ করছে। তারা আস্থা হারাচ্ছেন। অপরাধ নিয়ন্ত্রণে প্রশাসনকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে।’ প্রতিটি ঘটনার সুষ্ঠু তদন্ত ও দ্রুত বিচার নিশ্চিত করা জরুরি জানিয়ে জেলা আইনজীবী সমিতির আহ্বায়ক ও পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট মো. নুরুল আমিন বলেন, ‘বরগুনায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি উদ্বেগজনকভাবে খারাপের দিকে যাচ্ছে। তবে এ বিষয়ে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সঙ্গে আমরা কথা বলেছি। বরগুনা বিভিন্ন জায়গায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে তারা যৌথ অভিযান চালিয়ে যাচ্ছেন।’ এদিকে চলতি মাসে ২২টি মরদেহ উদ্ধার নিয়ে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করেছে জেলা পুলিশ। সেখানে উল্লেখ করা হয়েছে দুটি হত্যাকাণ্ড। এছাড়া আত্মহত্যা ১০ জন এবং বিভিন্ন দুর্ঘটনাজনিত কারণে ৯ জনের মৃত্যু হয়েছে। বরগুনায় একের পর এক মরদেহ উদ্ধারের বিষয়ে বরগুনা জেলা পুলিশ সুপার মো. কুদরত-ই-খুদা বলেন, ‘উদ্ধার প্রতিটি মরদেহের ক্ষেত্রে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত, ময়নাতদন্ত সম্পন্ন এবং আইনানুগ তদন্ত কার্যক্রম চলমান। হত্যাকাণ্ডের ঘটনাগুলোর রহস্য উদঘাটন ও জড়িতদের গ্রেফতারে জেলা পুলিশের একাধিক টিম কাজ করছে। প্রতিটি মৃত্যুর ঘটনাই গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। কোনো অপরাধীকে আইনের আওতার বাইরে থাকতে দেওয়া হবে না।’

ছাত্রী নিপীড়নে শিক্ষক বরখাস্ত, দু’প্রধান

ইসলাম, টাইম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম এবং জেলা শিক্ষা কর্মকর্তাতে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দেওয়া হয়েছে। অভিযোগ রয়েছে, গত ২২ মে পিরোজপুর শহরের করিমুন্নেসা বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির এক ছাত্রী নির্মলের কাছে প্রাইভেট কোচিংয়ে গেলে তিনি তাকে যৌন নিপীড়ন করেন। এ ঘটনায় অভিযুক্ত নির্মলের বিচার দাবি করে সোমবার পিরোজপুর শহরে বিক্ষোভ মিছিল করে করিমুন্নেসা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। পিরোজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. আলাউদ্দিন ভূঁইয়া জনি জানান, গত ২২ মে যৌন নিপীড়নের ঘটনা ঘটলেও দুই বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং জেলা শিক্ষা কর্মকর্তার অবহেলার কারণে সময়মতো স্থানীয় প্রশাসন বিষয়টি জানতে পারেনি। ঘটনার অনেক পরে ৯ জুন বিষয়টি সবার নজরে আসে। এ কারণে সংশ্লিষ্টদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এদিকে ঘটনাটির পূর্ণাঙ্গ তদন্তের জন্য বুধবার জেলা প্রশাসন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ইসরাত জাহানকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন হয়েছে। এ কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসকের (ডিসি) কাছে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

আমতলীতে পালিত কুকুরের

বাড়ির পুকুরের মাছসহ বিভিন্ন জিনিসপত্র চুরি করে আসিছিলেন। তার কর্মকাণ্ডে এলাকাবাসী অতিষ্ঠ হয়ে উঠেছিল। চুরির উপদ্রব থেকে রক্ষা পেতে নিয়াজের পরিবার একটি কুকুর লালন-পালন করে। বুধবার গভীর রাতে গরু চুরির উদ্দেশ্যে সোবাহান মৃধা গোয়ালঘরে প্রবেশ করলে কুকুরটি তাকে টের পেয়ে ধাওয়া করে এবং কামড়ে গুরুতর আহত করে। এতে তিনি ঘটনাস্থলেই কাবু হয়ে পড়েন। গৃহকর্ত্রী সুখি বেগম বলেন, সোবাহান গরু চুরি করতে গোয়ালঘরে ঢুকেছিল। আমার পালিত কুকুর তাকে ধাওয়া করে কামড়ে কাবু করে ফেলে। পরে আমি গিয়ে তাকে আটক করি এবং স্থানীয় লোকজনকে খবর দিই। পরে ৯৯৯-এ ফোন করলে পুলিশ এসে তাকে হাসপাতালে নিয়ে যায়। আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. রাসেল চৌধুরী জানান, সোবাহান মৃধার শরীরে কুকুরের কামড়ের একাধিক ক্ষতচিহ্ন রয়েছে। তাকে প্রয়োজনীয় চিকিৎসা দিয়ে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ বলেন, আহত ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। অভিযোগের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বাবুগঞ্জে এনজিওর প্রায় বিশ

নারীদের বিভিন্নভাবে প্রভাবিত করে তাদের নামে ঋণ উত্তোলন করতেন। ঋণগ্রহীতাদের মধ্যে কারও নামে ৩০ হাজার, কারও নামে ৬০ হাজার, আবার কারও নামে ৭০ থেকে ৭৫ হাজার টাকা পর্যন্ত ঋণ নেওয়া হয়েছে। অভিযোগ রয়েছে, এসব ঋণ বিভিন্ন এনজিও গ্রামীণ জন উন্নয়ন সংস্থা, বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস), আশা, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), ব্র্যাকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে নেওয়া হয়েছে। প্রতারণার শিকার কুলসুম বেগম বলেন, নাজমিনের কথায় বিশ্বাস করে আমার ছোট দেবরের স্ত্রীর নামে ছয়টি এনজিও থেকে প্রায় তিন লাখ টাকা ঋণ নেওয়া হয়েছিল। কিন্তু টাকা নিয়ে তারা পালিয়ে গেছে। এখন এনজিও থেকে কিস্তির জন্য আমাদের বাড়িতে আসছে। আমরা খুব বিপদে আছি। সরেজমিনে কয়েকজন ভুক্তভোগীর সঙ্গে কথা হলে তারা জানান, বাদল ও নাজমিনের কথায় বিশ্বাস করে তারা ঋণ নিয়েছিলেন। বর্তমানে অভিযুক্তরা আত্মগোপনে থাকায় ঋণের কিস্তি পরিশোধের চাপ তাদের ওপরই পড়েছে। স্থানীয়দের ভাষ্য, এ ঘটনায় বহু পরিবার আর্থিক সংকটে পড়েছে এবং এলাকায় ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ এবং অভিযুক্তদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। তবে অভিযুক্ত মো. বাদল ও তার স্ত্রী নাজমিন পলাতক থাকায় এ বিষয়ে তাদের কোনো বক্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে এয়ারপোর্ট থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, এখন পর্যন্ত এ ঘটনায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পাওয়া গেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ক্যাপশন বাবুগঞ্জে এনজিওর ২০ লাখ টাকা নিয়ে উধাও দম্পতি।

প্রশংসা করে মোদীকে

প্রধানমন্ত্রী মোদীর মতো এতটা শান্ত ও স্থির নন। ট্রাম্প বলেন, প্রধানমন্ত্রী মোদীর মতো শান্ত, স্থির এবং সম্পূর্ণ একজন কিলার আমি নই। জি-৭ সম্মেলনের ফাঁকে দুই নেতা অর্থনৈতিক প্রবৃদ্ধি, সরবরাহ শৃঙ্খল, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), বিনিয়োগ অংশীদারত্ব এবং বিভিন্ন বৈশ্বিক নিরাপত্তা ইস্যু নিয়ে আলোচনা করার কথা রয়েছে। এর আগে মঙ্গলবার ফ্রান্সের এভিয়ান শহরে জি-৭ সম্মেলনের একটি আউটরিচ অধিবেশনের ফাঁকে প্রধানমন্ত্রী মোদী ও প্রেসিডেন্ট ট্রাম্প সাক্ষাৎ করেন এবং শুভেচ্ছা বিনিময় করেন। দুই নেতা করমর্দন করেন এবং ‘নতুন অংশীদারত্ব গড়ে তোলা ও আন্তর্জাতিক সংহতি পুনর্গঠন’ শীর্ষক জি-৭ কর্ম-অধিবেশন শুরুর আগে সংক্ষিপ্ত আলাপ করেন। এর আগে চলতি মাসে প্রধানমন্ত্রী হিসেবে ১২ বছর পূর্ণ করায় নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছিলেন ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প মোদিকে তার বন্ধু হিসেবে উল্লেখ করে তাকে মহান প্রধানমন্ত্রী বলে অভিহিত করেন। ট্রাম্প লিখেছিলেন, আমার বন্ধু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ভারতের সবচেয়ে দীর্ঘ সময় দায়িত্ব পালনকারী প্রধানমন্ত্রী হওয়ার জন্য অভিনন্দন। তিনি সত্যিই একজন মহান প্রধানমন্ত্রী। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী মোদী একজন শক্তিশালী, সুস্থ ও জ্ঞানী ব্যক্তি। তার সামনে আরও বহু বছর সাফল্য ও গৌরবের পথ অপেক্ষা করছে।

ইরান-যুক্তরাষ্ট্র চুক্তির পর আরও

কমে ব্যারেলপ্রতি ৭৪.৮১ ডলারে নেমে আসে। আর ব্রেন্ট নর্থ সি ক্রুডের দাম ২.৪ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৭৭.৬৬ ডলারে দাঁড়ায়। বৃহস্পতিবার (১৮ জুন) নিউইয়র্কের ডাও জোন্স সূচক আগের দিন ১.০ শতাংশ কমে ৫১,৪৯২.৫৫ পয়েন্টে বন্ধ হয়েছিল। জাপানের নিক্কেই ২২৫ সূচক ১.৭ শতাংশ বেড়ে ৭১,০৫৩.৪৯ পয়েন্টে বন্ধ হয়। হংকংয়ের হ্যাং সেং সূচক ২.২ শতাংশ কমে ২৩,৭৮৫.৭৫ পয়েন্টে নামে। সাংহাই কম্পোজিট সূচক ০.৪ শতাংশ কমে ৪,০৯০.৪৮ পয়েন্টে বন্ধ হয় ও লন্ডনের এফটিএসই ১০০ সূচক ০.৬ শতাংশ কমে ১০,৪৪৯.৩৭ পয়েন্টে দাঁড়ায়। চুক্তি স্বাক্ষরের পর ইউরো-ডলার বিনিময় হার ১.১৪৯৪ ডলার থেকে বেড়ে ১.১৫২১ ডলারে ওঠে। পাউন্ড-ডলার বিনিময় হার ১.৩২৮২ ডলার থেকে বেড়ে ১.৩৩১৫ ডলারে পৌঁছায়। ডলার-ইয়েন বিনিময় হার ১৬০.৭১ ইয়েন থেকে সামান্য কমে ১৬০.৬৮ ইয়েনে নেমে আসে। ইউরো-পাউন্ড বিনিময় হার ৮৬.৫৩ পেন্স থেকে সামান্য কমে ৮৬.৫১ পেন্সে দাঁড়ায়। তিন মাসেরও বেশি সময় ধরে চলা যুদ্ধের পর দুই দেশের মধ্যে দীর্ঘস্থায়ী শান্তির সম্ভাবনা তৈরি হওয়ায় বিনিয়োগকারীদের মধ্যে আশাবাদ তৈরি হয়েছে। এই যুদ্ধ জ্বালানি বাজারকে অস্থির করে তুলেছিল এবং বৈশ্বিক মূল্যস্ফীতির ওপর নতুন চাপ সৃষ্টি করেছিল। তবে বাজারে ইতিবাচক মনোভাব পুরোপুরি স্থায়ী হয়নি। কারণ বিনিয়োগকারীরা এখন ধারণা করছেন, বছর শেষ হওয়ার আগেই যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ সুদের হার বাড়াতে পারে। নতুন ফেড চেয়ারম্যান তার প্রথম নীতিনির্ধারণী বৈঠকের পর বলেন, ক্রমাগত উচ্চ মূল্যস্ফীতি আমেরিকান জনগণের জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে। বিশ্বের মোট তেল পরিবহনের প্রায় এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালি দিয়ে পরিবাহিত হয়। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করার পর তেহরান কার্যত এই গুরুত্বপূর্ণ জলপথ বন্ধ করে দিয়েছিল। চুক্তির মধ্যস্থতাকারী পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে লিখেছেন, প্রথম ধাপে ইসলামি প্রজাতন্ত্র ইরান অবিলম্বে হরমুজ প্রণালি খুলে দেবে ও যুক্তরাষ্ট্র তাৎক্ষণিকভাবে নৌ অবরোধ প্রত্যাহার করবে।

ঝালকাঠির দুই উপজেলায়

তাকে উদ্ধার করে নলছিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম জানান, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা করা হয়েছে। প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে শিশুটির মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। অন্যদিকে রাজাপুর উপজেলার পুটিয়াখালী ৪ নম্বর ওয়ার্ডে নিজ বাড়ির উঠানে অন্যান্য শিশুদের সঙ্গে খেলছিল মো. জুনায়েদ। এ সময় তার মা সংসারের কাজে ব্যস্ত ছিলেন। কিছুক্ষণ পর শিশুটিকে দেখতে না পেয়ে পরিবারের সদস্য ও প্রতিবেশীরা খোঁজাখুঁজি শুরু করেন। পরে বাড়ির পেছনের পুকুরে তাকে ভাসমান অবস্থায় দেখতে পান। দ্রুত উদ্ধার করে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস জানায়, এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন। একই দিনে জেলার দুই উপজেলায় পানিতে ডুবে দুই শিশুর মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

রিজার্ভ চুরিতে অভিযুক্ত দশ

অতিরিক্ত আইজিপি আলী আকবর খান বলেন, এই মামলার তদন্ত আসলে অন্যান্য মামলার মতোর তদন্তের মতোই চলমান। এটা একটা দীর্ঘমেয়াদি সময় লেগেছে এটা সত্য। কিন্তু এটার টেকনিক্যাল কারণগুলাও আছে। যেহেতু এটা অর্ডিনারি কোন মামলা না। অনেক টেকনিক্যাল আসপেক্ট আছে। অনেক দেশি বিদেশি সংস্থার সহায়তা আমরা নিয়েছি। এটার অফিশিয়াল ভার্সনটা পেতে আমাদেরকে অনেক সময় লেগেছে রাষ্ট্রীয়ভাবে এটা অ্যাপ্রুভাল হয়ে। তিনি বলেন, এফবিআই থেকে যখন একটা রিপোর্ট পাবেন ওদের তো একটা খুব হাইয়েস্ট লেভেল থেকে একটা এপ্রুভাল হওয়ার পরে ওরা দেবে, এই সভা এগুলো একটা টাইম কনজি সেই কারণে আমরা এখন গুছিয়ে এনেছি। আমরা এটা নিয়ে অ্যাটর্নি জেনারেলের অফিসে যোগাযোগ করেছি উনাদের যদি কোনো মতামত প্রয়োজন হয়। এটা আমাদের রুটি ওয়ার্কের মধ্যে ছিলো। এই মামলার তদন্ত ক্লোজ করে আনা হয়েছে আমরা আশা করি যে খুব বেশি দেরি হবে না অভিযোগপত্র দিতে। অভিযোগপত্রে বাংলাদেশি যাদের নাম থাকবে তাদের গ্রেপ্তারের বিষয়ে তিনি বলেন, হ্যাঁ সেটা সেটা আমরা দেখবো। এটা আমাদের কন্সিডারেশন আছে ওইটা আমরা এখনো কোনো ফাইনাল কনক্লুশনে আসিনি। ইনশাল্লাহ অভিযোগপত্র কনক্লুড হলে আমরা গ্রেপ্তার অবশ্যই করব। মামলার ক্ষেত্রে যা করা প্রয়োজনীয় সুষ্ঠু তদন্তের ক্ষেত্রে আমরা তাই করব। এর আগে দেশের ইতিহাসের সবচেয়ে বড় আর্থিক কেলেঙ্কারির অন্যতম বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি মামলার খসড়া অভিযোগপত্রে সাবেক গভর্নর ড. আতিউর রহমানসহ বাংলাদেশ ব্যাংকের ৯ কর্মকর্তার সংশ্লিষ্টতার তথ্য উঠে এসেছে। দীর্ঘ তদন্ত শেষে প্রস্তুত করা অভিযোগপত্রে অভিযুক্তদের দায়িত্বে অবহেলা, নিরাপত্তা ব্যবস্থায় ঘাটতি এবং ঘটনার পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ব্যর্থতার বিষয়গুলো উল্লেখ করা হয়েছে বলে সিআইডি সূত্রে জানা গেছে। সিআইডি সূত্র জানায়, রিজার্ভ চুরি মামলায় মোট ৬৪ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অভিযুক্ত করা হয়েছে। এর মধ্যে বাংলাদেশের ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ পাওয়া গেছে। বাংলাদেশি অভিযুক্তদের মধ্যে সাবেক গভর্নর ড. আতিউর রহমান ছাড়াও কে এম আব্দুল ওয়াদুদ, শুভঙ্কর সাহা, রেজাউল করিম, মেজবাউল হক ও আবুল কাসেমসহ আরও কয়েকজনের নাম রয়েছে। তদন্ত সংশ্লিষ্টরা জানান, বাংলাদেশের ১০ অভিযুক্তের মধ্যে ৯ জনই বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা। তদন্ত সূত্রে জানা যায়, ২০১৬ সালের ফেব্রুয়ারিতে নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ব্যাংকে থাকা বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে ১০ কোটি ১০ লাখ ডলার চুরি হয়। সুইফট পেমেন্ট ব্যবস্থায় ভুয়া বার্তা পাঠিয়ে অজ্ঞাতনামা হ্যাকাররা এ অর্থ সরিয়ে নেয়। ঘটনার ৩৯ দিন পর বাংলাদেশ ব্যাংক রাজধানীর মতিঝিল থানায় মানি লন্ডারিং প্রতিরোধ আইনে মামলা করে। শুরু থেকেই মামলাটির তদন্ত করছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। তদন্তে সংশ্লিষ্টরা জানান, ঘটনার দিন সুইফট সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করা, ফিশিং লিংক থেকে সৃষ্ট ঝুঁকি মোকাবিলা এবং ঘটনার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে দায়িত্বে থাকা কর্মকর্তাদের গাফিলতির তথ্য পাওয়া গেছে। পাশাপাশি তদন্তে উঠে এসেছে, ঘটনার পর বিষয়টি জানার পরও যথাযথ পদক্ষেপ গ্রহণে বিলম্ব হয়েছিল। তদন্ত সূত্রে জানা যায়, মামলার তদন্তে দেখা গেছে বাংলাদেশের এই ১০ জন অভিযুক্ত আসামি এ ঘটনায় তাদের গাফিলতির প্রমাণ পাওয়া গেছে এবং দায়িত্ব অবলা প্রমাণ পাওয়া গেছে। এছাড়া তারা অজানা কারণে ঘটনার দিনে সুইফ সিস্টেমের নিরাপত্তা যথাযথভাবে নিশ্চিত করেনি। ব্যাংকিং কার্যক্রম শেষে তারা হ্যাকারদের পাঠানো ফিশিং লিংকে ক্লিক করে সেটা ওপেন রেখে ব্যাংক থেকে বের হয়ে চলে যায়। তারা সিস্টেমের যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত না করে বের হয়ে চলে যান। ফলে হ্যাকাররা ঐ লিংক ব্যবহার করে দেশের কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরি করে নিয়ে যায়। ঘটনার পর অভিযুক্তরা বিষয়টি জানতে পারলেও পরে কোনো ধরনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিনি। উল্টো তারা ঘটনাটি ধামাচাপা দেওয়ার নানা প্রচেষ্টা চালায়। এছাড়া তদন্তে রিজার্ভ চুরির ঘটনায় তাদের আরও সংশ্লিষ্টতা পাওয়া গেছে। সিআইডি সূত্রে জানা যায়, গত ২০১৬ সালের ফেব্রুয়ারিতে নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ব্যাংকে থাকা বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে ১০ কোটি ১০ লাখ ডলার চুরি হয়। অজ্ঞাতনামা হ্যাকাররা সুইফট পেমেন্ট পদ্ধতিতে ভুয়া বার্তা পাঠিয়ে এই বিপুল অর্থ হাতিয়ে নেয়। ঘটনার ৩৯ দিন পর রাজধানীর মতিঝিল থানায় মানি লন্ডারিং প্রতিরোধ আইনে মামলা করে বাংলাদেশ ব্যাংক। শুরু থেকেই মামলাটির তদন্ত করছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সিআইডি সূত্র আরও জানায়, গত বছরের ১১ মার্চ সাবেক আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে প্রধান করে প্রজ্ঞাপনের মাধ্যমে ছয় সদস্যের পর্যালোচনা কমিটি গঠন করে অন্তর্বর্তীকালীন সরকার। ওই কমিটির তত্ত্বাবধানে রিজার্ভ চুরির মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হয়। পরে গত ১ এপ্রিল খসড়া অভিযোগপত্র প্রস্তুত করে আইনি পরামর্শের জন্য অ্যাটর্নি জেনারেলের কাছে হস্তান্তর করে সিআইডি। খসড়া অভিযোগপত্রে দেশি-বিদেশি মোট ৬৪ ব্যক্তি ও প্রতিষ্ঠানের নাম রয়েছে। এর মধ্যে ফিলিপাইনের ৩৬, উত্তর কোরিয়ার ২, চীনের ৩, শ্রীলঙ্কার ৮, জাপানের ১, ভারতের ৪ এবং বাংলাদেশের ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠান রয়েছে।

বাউফলে অনিয়মের অভিযোগে সড়ক

করেন ঠিকাদারের নিয়োজিত শ্রমিকেরা। সড়কের সিসি ঢালাই কাজে নিম্নমানের লবণাক্ত সিলেকশন বালু, ঢালাই ৩ ইঞ্চির কম ও সড়কের প্রস্থ ১৮ ফুটের কম সহ নির্মাণ কাজে ব্যাপক অনিয়ম করেন। এ বিষয়ে এলাকাবাসী কাজের মান তদারকির দায়িত্বে থাকা পটুয়াখালী সড়ক বিভাগের উপ সহকারী প্রকৌশলী মো. আসাদুল ইসলামের কাছে অভিযোগ করেন এবং জনসম্মুখে নির্মাণ কাজের দরপত্র মেনে কাজ করার অনুরোধ করেন। দায়িত্বে থাকা উপ সহকারী প্রকৌশলী বিষয়টি এড়িয়ে যায়। এতে ক্ষুব্ধ হয়ে নির্মাণ কাজ বন্ধ করে দেন স্থানীয় বাসিন্দারা। কাজ বন্ধের আধা ঘন্টার মধ্যে ঘটনাস্থলে আসেন উপজেলা ছাত্রদলের সভাপতি আবদুল্লাহ আল ফাহাদ। দলীয় ক্ষমতার প্রভাব খাটিয়ে কাজ শুরু করতে শ্রমিকদের নির্দেশ দেন। পরে শ্রমিকেরা সেই নির্মাণ মানের নির্মাণ সামগ্রী দিয়েই কাজ শুরু করেন। জানা জানা গেছে , ৯৮ মিটার দৈর্ঘ্যে ও ১৮ ফুট প্রস্থের আরসিসি সড়ক নির্মাণে ব্যয় ধরা হয় প্রায় ৪০ লাখ টাকা। দরপত্র আহ্বানের মাধ্যমে নির্মাণ কাজটির দায়িত্ব পান মেসার্স কহিনুর এন্টার প্রাইজ নামে একটি ঠিকাদারী প্রতিষ্ঠান। উত্তম নামে একজন সাব ঠিকাদার কাজ শুরু করেন। অনিয়মের কারণে স্থানীয়রা কাজ বন্ধ করে দিলে বিষয়টি উপজেলা ছাত্রদলের সভাপতি ফাহাদকে জানানো হয়। ফাহাদ আধাঘন্টা র ঘটনাস্থলে এসে ক্ষমতার প্রভাব ঘাটিয়ে পুনরায় কাজ চালু করার নির্দেশ দেন। পরে শ্রমিকেরা কাজ শুরু করেন। স্থানীয় বাসিন্দা মো. রিয়াজ পঞ্চায়েত বলেন, সড়ক নির্মাণ কাজে সিলেকশন বালু বা সিলেট চান বালুর পরিবর্তে ময়লাযুক্ত চট্টগ্রামের লবণাক্ত বালু ব্যবহার করে। ৩ ইঞ্চি পুরুত্বের সিসি ঢালাই দেয়ার কথা থাকলে দেড় ইঞ্চি পুরুত্বের ঢালাই দেওয়া হচ্ছে। দায়িত্বে থাকা প্রকৌশলীকে বিষয়টি দেখার জন্য বললে, তিনি না দেখার ভান করেন। পরে এলাকাবাসি নির্মাণ কাজ বন্ধ করে দেয়। পরে ছাত্রদলের সভাপতি ফাহাদ এসে কাজ শুরু করার নির্দেশ দেন, শ্রমিকরা কাজ শুরু করেন। আরেক বাসিন্দা মো. মনজু বলেন, দরপত্র অনুযায়ী কাজ করা হচ্ছে না। ঠিকাদার মনগড়াভাবে কাজ করছেন। নির্মাণ কাজের শিডিউল দেখতে চাইলেও তিনি দেননি। কাজে দুর্নীতি অনিয়ম করার জন্যই শিডিউল হাইড রেখে মনগড়া ভাবে কাজ করা হচ্ছে। কাজে বাধা দিলেও তা মানা হচ্ছে না। প্রভাব ঘাটিয়ে ঠিকাদার অনিয়মের মধ্য দিয়ে কাজ করে যাচ্ছেন। এদিকে, নির্মাণ কাজের অনিয়মের সংবাদ সংগ্রহ করতে গেলে এনটিভি অনলাইন বিভাগের বাউফল ও দুমকি উপজেলা করসপন্ডেন্ট এম এ হান্নান ও খবরপত্রের উপজেলা প্রতিনিধি এইচএম বাবলুর ওপর ক্ষিপ্ত হয়ে উঠে উপজেলা ছাত্রদলের সভাপতি ফাহাদ। এ সময় তিনি সাংবাদিকদের অশালীন ভাষায় গালাগাল করে এবং হুমকি দেন। এবিষয়ে জানতে চাইলে স্থানীয় সাংবাদিকদের মুঠোফোনে উপজেলা ছাত্রদলের সভাপতি আবদুল্লাহ আল ফাহাদ বলেন,’কাজ বন্ধ কিংবা চালু করা কোনো ঘটনার সঙ্গেই তিনি জড়িত না। সাংবাদিকদের গালাগাল করার অভিযোগ সত্য না।’ নির্মাণ কাজের তদারকির দায়িত্বে থাকা পটুয়াখালী সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ সহাকরী প্রকৌশলী আসাদুল ইসলাম বলেন, নির্মাণ কাজের শিডিউল তাঁর কার্যালয়ে রয়েছে। আর অনিয়মের অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, কোনো অনিযম হচ্ছে না। আর ঠিকাদারের পক্ষে নির্মাণ কাজের দায়িত্বে থাকা উত্তম বলেন,’ তিনি শুধু শ্রমিক দিয়ে কাজ করান। মালামল সরবরাহ করেন ঠিকাদার।’ এ বিষয়ে মুঠোফোনে কহিনুর এন্টার প্রাইজের স্বত্বাধিকারী মো. রাশেদুল ইসলাম বলেন,’ তিনি এ বিষয়ে সরাসরি কথা বলবেন।’ পটুয়াখালী সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. জামিল বলেন,’সড়কের নকশা অনুযায়ী নির্মাণ কাজ হবে। তা কাউকে দেখাতেতো সমস্যা হওয়ার কথা না। লুকোচুরি করে কাজ করার সুযোগ নাই। এ বিষয়টি তিনি দেখবেন।

স্বপ্ন পূরণ হয়েও যেন হলো

৭ নম্বর ওয়ার্ড এবং ভুরিয়া ইউনিয়নের ভায়লা গ্রামের মধ্যে যোগাযোগ সহজ করতে ২০২১ সালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) প্রকল্পটির কাজ শুরু করে। প্রথমে প্রকল্পের ব্যয় ধরা হয়েছিল প্রায় ৪ কোটি ৭৪ লাখ টাকা। পরে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৫ কোটি ২৭ লাখ ৬৫ হাজার ৬৬৬ টাকায়। চুক্তি অনুযায়ী ২০২২ সালের মে মাসে কাজ শেষ হওয়ার কথা থাকলেও এখনো সংযোগ সড়কের কাজ অসমাপ্ত রয়েছে। এ সড়কটি দুই ইউনিয়নের মানুষের দৈনন্দিন চলাচলের অন্যতম গুরুত্বপূর্ণ পথ। প্রতিদিন শিক্ষার্থী, কৃষক, ব্যবসায়ী, চাকরিজীবীসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় ১০ হাজার মানুষ এই পথ ব্যবহার করেন। কিন্তু সেতুর দুই পাশে সংযোগ সড়ক না থাকায় তাদের ভোগান্তি যেন আরও বেড়েছে। স্থানীয়রা জানান, সেতু নির্মাণের আগে খেয়া নৌকার মাধ্যমে পারাপার করা হতো। এখন সেতু থাকলেও সেটির পূর্ণ সুবিধা পাওয়া যাচ্ছে না। বর্ষা মৌসুমে পরিস্থিতি আরও খারাপ হয়ে পড়ে। কাদামাটি ও ভাঙাচোরা পথে চলাচল করতে গিয়ে সবচেয়ে বেশি বিপাকে পড়ছেন শিক্ষার্থী, রোগী ও বয়স্করা। স্থানীয় বাসিন্দা হারুন হাওলাদার বলেন, বছরের পর বছর ধরে কাজ শেষ হওয়ার আশ্বাস মিললেও বাস্তবে কোনো অগ্রগতি দেখা যায়নি। গুরুত্বপূর্ণ এই সড়কের কাজ দ্রুত শেষ হলে দুই ইউনিয়নের মানুষের যাতায়াত সহজ হওয়ার পাশাপাশি কৃষিপণ্য পরিবহন ও স্থানীয় ব্যবসা-বাণিজ্যও গতি পাবে। স্থানীয় বাসিন্দা মুসলিম মিয়া অভিযোগ করে বলেন, দীর্ঘদিন ধরে প্রকল্পের কাজ ঝুলে থাকলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর তদারকির অভাব ছিল। ফলে নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় জনদুর্ভোগ চরম আকার ধারণ করেছে। তবে এলজিইডি বলছে, মূল সেতুর কাজ শেষ হলেও সংযোগ সড়কের কাজ দীর্ঘদিন বাকি ছিল। বর্তমানে আবার কাজ শুরু হয়েছে এবং দ্রুত শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে এলজিইডি পটুয়াখালীর নির্বাহী প্রকৌশলী হোসেন আলী মীর বলেন, মূল ব্রিজের কাজ অনেক আগেই শেষ হয়েছে। তবে অ্যাপ্রোচ সড়কের কাজ বিভিন্ন কারণে বাকি ছিল। বর্তমানে কাজ কিছু চলমান রয়েছে। আমরা আশা করছি চলতি জুন মাসের মধ্যেই কাজ সম্পন্ন করা সম্ভব হবে। ঠিকাদার মহিউদ্দিন আহমেদের দাবি, নির্মাণসামগ্রী চুরি এবং স্থানীয় কিছু জটিলতার কারণে কাজের অগ্রগতি ব্যাহত হয়েছিল। তবে বর্তমানে পুনরায় কাজ শুরু হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১৯ জুন ২০২৬ ॥ ০৫ আষাঢ় ১৪৩৩

ইরান-যুক্তরাষ্ট্র চুক্তির পর আরও কমলো তেলের দাম

কীর্তনখোলা ডেস্ক

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চুক্তি হওয়ার পর বৃহস্পতিবার (১৮ জুন) আন্তর্জাতিক তেলের বাজারে আবারও বড় ধরনের মূল্যপতন দেখা গেছে। এদিন সকালে ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের অপরিশোধিত তেলের দাম ২.৬ শতাংশ ৩ এর পাতায় দেখুন

প্রশংসা করে মোদীকে ‘কিলার’ বললেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

ফ্রান্সে অনুষ্ঠিত জি-৭ সম্মেলনের ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকের পর তাকে ভূয়সী প্রশংসা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত এক মধ্যাহ্নভোজে ট্রাম্প বলেন, তিনি ৩ এর পাতায় দেখুন

আধা ঘন্টায় চালু করলেন ছাত্রদল সভাপতি

বাউফলে অনিয়মের অভিযোগে সড়ক নির্মাণ কাজ বন্ধ করে দিলেন এলাকাবাসী

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে নিম্নমানের নির্মাণ সামগ্রী ও দরপত্র অনুযায়ী সড়ক নির্মাণ কাজ না করার অভিযোগে নির্মাণ কাজ বন্ধ করে দেন স্থানীয় বাসিন্দারা। কাজ বন্ধ করার আধাঘন্টার মধ্যে দলীয় প্রভাব বিস্তার করে ওই কাজ চালু করে দেন উপজেলা ছাত্রদল সভাপতি আবদুল্লাহ আল ফাহাদ। গতকাল বৃহস্পতিবার দুপুরে উপজেলার কালাইয়া বন্দরের সুন্দরী সিনেমা হলের সামনের সড়কের নির্মাণ কাজে এ ঘটনা ঘটে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, কালাইয়া বন্দরের ল্যাংড়া মুন্সীর পোল থেকে পূর্ব দিকে সুন্দরী সিনেমা হলের সামনের সড়কের ৯৮ মিটার আরসিসি সড়ক নির্মাণ কাজ শুরু করেন পটুয়াখালী সড়ক বিভাগ। আজ বৃহস্পতিবার সকাল থেকে সড়কের সিসি ঢালাই কাজ শুরু ৩ এর পাতায় দেখুন

ছাত্রী নিপীড়নে শিক্ষক বরখাস্ত, দু’প্রধান শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাকে শোকজ

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে একটি প্রাইভেট কোচিং ব্যাচে দশম শ্রেণির এক শিক্ষার্থীকে নিপীড়নের অভিযোগে পিরোজপুর টাউন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক নির্মল চন্দ্র ভদ্রকে সাময়িক বরখাস্ত করেছে বিদ্যালয় কর্তৃপক্ষ। বিদ্যালয়টির প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম স্বাক্ষরিত এক চিঠিতে এ বহিষ্কারাদেশ দেওয়া হয়। এর আগে গত ৮ জুন নির্মল চন্দ্র ভদ্রকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। তার জবাব সন্তোষজনক না হওয়ায় বুধবার তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। এছাড়াও ঘটনাটি যথাযথভাবে মোকাবিলায় অবহেলার অভিযোগে করিমুন্নেসা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাহিদুল ৩ এর পাতায় দেখুন

বরগুনায় ২৫ দিনে ১৪ মরদেহ উদ্ধার, জনমনে আতঙ্ক

বরগুনা প্রতিনিধি

মাত্র ২৫ দিনের ব্যবধানে বরগুনার বিভিন্ন এলাকা থেকে ১৪ জনের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। উদ্ধার হওয়া মরদেহগুলোর মধ্যে রয়েছে আলোচিত হত্যাকাণ্ড, রহস্যজনক মৃত্যু, আত্মহত্যা এবং গণপিটুনিতে নিহত হওয়ার ঘটনা। একের পর এক মরদেহ উদ্ধারের ঘটনায় জেলাজুড়ে উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সবচেয়ে আলোচিত ঘটনাগুলোর একটি ঘটে ৩ জুন। ওইদিন বরগুনা জেলা পরিষদ ডাকবাংলোর দুটি পৃথক কক্ষ থেকে পরিচ্ছন্নতাকর্মী ইতি রানী ও তার দুই শিশু কন্যার মরদেহ উদ্ধার করা হয়। সিসিটিভি ফুটেজে দেখা যায়, দুই সন্তানকে নিয়ে স্বাভাবিকভাবেই ডাকবাংলোতে প্রবেশ করেন ইতি রানী। পরে তারা পৃথক কক্ষে অবস্থান ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে এনজিওর প্রায় বিশ লাখ টাকা নিয়ে দম্পতি উধাও

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে বিভিন্ন এনজিও থেকে স্থানীয়দের নামে ঋণ উত্তোলন করে প্রায় ২০ লাখ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে এক ভ্যানচালক ও তার স্ত্রীর বিরুদ্ধে। অভিযুক্তরা হলেন বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের গাজীপুর গ্রামের মো. বাদল (৩৫) ও তার স্ত্রী নাজমিন। স্থানীয়দের দাবি, গত ১৪ জুন বিকেলে ওই দম্পতি বাড়ি থেকে পালিয়ে যান। ভুক্তভোগীদের অভিযোগ, বাদল ও নাজমিন এলাকার ২৫ থেকে ৩০ জনের নামে বিভিন্ন এনজিও থেকে ঋণ গ্রহণ করান। পরে ঋণের টাকা নিজেদের কাছে রেখে হঠাৎ এলাকা ত্যাগ করেন। এতে অন্তত ৪০টি পরিবার বর্তমানে ঋণের কিস্তির চাপে চরম দুর্ভোগে পড়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, অভিযুক্তরা দীর্ঘদিন ধরে এলাকার ৩ এর পাতায় দেখুন

আমতলীতে পালিত কুকুরের কামড়ে ধরা পড়লো চোর

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে গরু চুরি করতে গিয়ে পালিত কুকুরের ধাওয়ায় ধরা পড়েছেন এক ব্যক্তি। কুকুরের এলোপাতাড়ি কামড়ে আহত হওয়ার পর তিনি মাটিতে লুটিয়ে পড়েন। পরে গৃহকর্ত্রীর সহায়তায় স্থানীয়রা তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়। বুধবার (১৭ জুন) দিবাগত রাতে আমতলী উপজেলার চাওড়া ইউনিয়নের ইব্রাহিমপুর গ্রামের আহসানুল করিম নিয়াজের বাড়িতে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তির নাম সোবাহান মৃধা (৫৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, বাড়ির মালিক আহসানুল করিম নিয়াজ চাকরির কারণে ঢাকায় থাকেন। তার স্ত্রী ও সন্তানরা বাড়িতে বসবাস করেন। অভিযোগ রয়েছে, সোবাহান মৃধা দীর্ঘদিন ধরে ওই ৩ এর পাতায় দেখুন

লালমোহনে গাঁজাসহ আটক ব্যবসায়ীর দুই মাসের কারাদণ্ড

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহনে ২০ গ্রাম গাঁজাসহ আমির হোসেন নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। লালমোহন কোস্ট গার্ড ও থানা পুলিশের যৌথ অভিযানে পৌরশহরের ৮ নম্বর ওয়ার্ডের বিআরডিবি সড়ক এলাকা থেকে তাকে গাঁজা সেবনরত অবস্থায় এবং ২০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়। আটকের পর লালমোহন উপজেলার নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সিফাত বিন সাদেক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে আমির হোসেনকে ২ মাসের কারাদণ্ড এবং ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করেন। আটককৃত আমির হোসেন ভোলার দৌলতখান উপজেলার চরখলিফা গ্রামের আবুল কালামের ছেলে। স্থানীয় ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় দুই জেলেকে ৫০ হাজার টাকা জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বুধবার (১৭ জুন) জাটকা সংরক্ষণ কর্মসূচি উপলক্ষে দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, জাটকা রক্ষা এবং ইলিশের উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করতে সরকার ঘোষিত নিষেধাজ্ঞা বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের যৌথ উদ্যোগে এক অভিযান পরিচালনা করা হয়। এসময় জাটকা নিধন ও অবৈধভাবে মাছ আহরণ রোধে কঁচা নদীতে মোবাইল কোর্ট অভিযানে দুই জেলেকে মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। জানা গেছে, জাটকা সংরক্ষণ ও নদীর মৎস্যসম্পদ ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে আশির দশকে নির্মিত বেইলি ব্রিজটি ৮ বছর ধরে ঝুঁকিপূর্ণ

ঝালকাঠি প্রতিনিধি

বরিশাল-খুলনা আঞ্চলিক মহাসড়কের ঝালকাঠির বাসন্ডা নদীর ওপর আশির দশকে নির্মিত বেইলি ব্রিজটি ৮ বছর আগে ঝুঁকিপূর্ণ ঘোষণা করে সড়ক ও জনপথ বিভাগ। গুরুত্বপূর্ণ এই ব্রীজটি দিয়ে বরিশাল বা ঝালকাঠি থেকে পিরোজপুর, বাগেরহাট, খুলনাসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শত শত যানবহন যাতায়াত করে। ব্রিজটির উপরে কোন যাত্রীবাহি বাস বা ট্রাক উঠলে, চালক ও যাত্রীরা অনুভব করেন ব্রিজটি দুলছে। এছাড়া এই ব্রীজের স্লাবগুলো আলগা হয়ে রয়েছে। প্রায়ই এখানে দুর্ঘটনা ঘটে। এ ব্রীজটি দ্রুত মেরামত বা নতুন করে নির্মাণ করা না হলে যে কোন সময় বড় ধরনের দূর্ঘটনার আশংকা করছেন এলাবকাবাসী। ঝালকাঠি সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলী জানান,ডিজাইন করেছি প্রাক্কলন করেছি,ডিসি অফিসের জমি অধিগ্রহনের চিঠি পেয়েছি। ওজোপাডিকোর খুটি সরানোর টিম এসেছিলো তাদের কাজ চলমান। মুল কথা হচেছ সকল কাজ প্রক্রিয়াধীন রয়েছে। দীর্ঘ দিনের পুরনো ও জরাজির্ণ ব্রিজগুলো ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। মাঝে মধ্যে কিছু সংস্কার করে যানবাহন চলাচলের উপযোগী রাখার চেস্টা করলেও তা খুব বেশি কাজে আসছেনা।

কুয়াকাটায় হোটেল থেকে ইয়াবা ও বিদেশি মদসহ আটক ৭

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটায় একটি আবাসিক হোটেলে অভিযান চালিয়ে ইয়াবা ও বিদেশি মদসহ সাতজনকে আটক করেছে প্রশাসন। বৃহস্পতিবার রাত দেড়টার দিকে কুয়াকাটার সি অ্যাডভেঞ্চার ইন হোটেলে এ অভিযান পরিচালনা করা হয়। প্রশাসন সূত্র জানায়, আটক ব্যক্তিরা পর্যটক পরিচয়ে হোটেলে কক্ষ ভাড়া নিয়ে অবস্থান করছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে তাদের কাছ থেকে ২৫ পিস ইয়াবা ও একটি বিদেশি মদের বোতল জব্দ করা হয়। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৪২(১) ধারায় মো. আরিফ বেপারী (২২) ও মো. হাসান মৃধাকে (২৩) তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়। অনাদায়ে তাদের আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ৩ এর পাতায় দেখুন

খালে ভেসে যাওয়া বৃদ্ধাকে উদ্ধার করলো ৪র্থ শ্রেণির শিক্ষার্থী মারিয়া

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর শহরের ভারানি খালে ভেসে যাওয়া এক অসহায় বৃদ্ধাকে উদ্ধার করে মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে ১২ বছর বয়সী চতুর্থ শ্রেণির শিক্ষার্থী মারিয়া। পরে বৃদ্ধার পরিচয় শনাক্ত করে তাকে পরিবারের কাছে ফিরিয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে পুলিশ ও পিরোজপুর জেলা ছাত্রদল। ঘটনাটি ঘটে পিরোজপুর শহরের শেখপাড়া বসন্তপুল সংলগ্ন এলাকায়। ৩ এর পাতায় দেখুন

বন্ধুদের সঙ্গে পুকুরে নেমে প্রাণ গেল শিক্ষার্থীর

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে বন্ধুদের সঙ্গে পুকুরে ডুবসাঁতার খেলতে গিয়ে জিহাদ (১১) নামে এক স্কুলছাত্রের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) বেলা সাড়ে ১১টার দিকে বাউফল পৌর শহরের ৪ নম্বর ওয়ার্ডের গার্লস স্কুল রোড এলাকার কাছারি বাড়ির পুকুরে এ ঘটনা ঘটে। মৃত জিহাদ ওই এলাকার ইলিয়াস বাহালীর ছেলে। সে বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির ছাত্র ছিল। জানা গেছে, ঘটনার দিন বেলা সাড়ে ১১টার দিকে জিহাদ বাড়ির সামনে কাছারি বাড়ির পুকুরে এলাকার অন্যান্য শিশুদের সঙ্গে ডুবসাঁতার খেলছিল। একপর্যায়ে সে পুকুরের সিঁড়ি ঘাটলার ৩ এর পাতায় দেখুন

স্বপ্ন পূরণ হয়েও যেন হলো না ১০ হাজার মানুষের

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী সদর উপজেলার লোহালিয়া ও ভুরিয়া ইউনিয়নের মানুষের দীর্ঘদিনের প্রত্যাশা ছিল একটি স্থায়ী সেতু। সেই প্রত্যাশা পূরণে নির্মাণ করা হয় ৩৯ মিটার দীর্ঘ একটি গার্ডার ব্রিজ। কিন্তু মূল সেতুর কাজ শেষ হলেও চার বছরেও নির্মাণ হয়নি সংযোগ সড়ক (অ্যাপ্রোচ)। ফলে প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা ব্যয়ে নির্মিত সেতুটি এখনো পুরোপুরি ব্যবহার করতে পারছেন না স্থানীয়রা। এতে দুর্ভোগে পড়েছেন দুই ইউনিয়নের অন্তত ১০ হাজার মানুষ। জানা গেছে, লোহালিয়া ইউনিয়নের কুড়িপাইকা গ্রামের ৩ এর পাতায় দেখুন

ইউএনওর আইডি জটিলতায় জন্মনিবন্ধন সেবা বন্ধ, চরম ভোগান্তি

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকি উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত জরুরি নাগরিক সেবা কার্যত স্থবির হয়ে পড়েছে। দীর্ঘদিন উপজেলায় স্থায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) না থাকায় সৃষ্ট জটিলতার মধ্যে নতুন ইউএনও যোগদান করলেও, এখনো সার্ভারের প্রয়োজনীয় আইডি ও পাসওয়ার্ড পাননি তিনি। ফলে জন্মনিবন্ধন সংশোধন, অনুমোদনসহ শত শত আবেদন নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। এতে চরম ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ মানুষ। ভুক্তভোগীদের অভিযোগ, জন্মনিবন্ধনের ভুল সংশোধন ও নতুন অনুমোদনের জন্য করা অসংখ্য আবেদন দীর্ঘদিন ধরে অনলাইনে ঝুলে রয়েছে। জন্ম নিবন্ধন না পাওয়ার কারণে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ৩ এর পাতায় দেখুন

শিশুকে গরম খুন্তি দিয়ে ছ্যাঁকা দেয়ার অভিযোগ সৎ মায়ের বিরুদ্ধে

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় তাসনিয়াতুল মাহী নামে চতুর্থ শ্রেণির এক স্কুল ছাত্রীকে গরম খুনতি দিয়ে শরীরের বিভিন্ন স্থানে ছ্যাঁকা দেয়ার অভিযোগ উঠেছে সৎ মা আসমা বেগমের বিরুদ্ধে। এছাড়াও কারণে অকারণে মাহীকে শারীরিক নির্যাতন বসত ঘর সংলগ্ন পুকুরে নিয়ে পানিতে চুবিয়ে ধরাসহ রাতের বেলা ঘুমান্ত অবস্থায় খাটের নিচে ফেলে রাখার অভিযোগ করেন স্কুল ছাত্রী মাহীর বৃদ্ধ দাদা আঃ রব গাজী, দাদী আয়শা বেগম ও ফুফু আসমা বেগম। মাহী উপজেলার ১৮৬ নং উত্তর চালিতাবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির ছাত্রী ও দক্ষিণ মিরুখালী গ্রামের মাসুম গাজীর কন্যা। মাহীর ফুফুর আসমা বেগম জানান, মাহীর বয়স যখন দেড় বছর তখন ওর মায়ের সাথে বাবা মাসুম গাজীর ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠির দুই উপজেলায় পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির দুই উপজেলায় কয়েক ঘণ্টার ব্যবধানে পানিতে ডুবে দুই শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। নলছিটিতে ডোবায় পড়ে এবং রাজাপুরে পুকুরের পানিতে তলিয়ে প্রাণ হারায় দুই শিশু। বৃহস্পতিবার (১৮ জুন) দুপুরে পৃথক দুটি দুর্ঘটনা ঘটে। নিহতরা হলো নলছিটির রানাপাশা ইউনিয়নের ভেরনবাড়িয়া গ্রামের সোহেল হাওলাদারের মেয়ে সানজিদা আক্তার (২) ও রাজাপুর উপজেলার পুটিয়াখালী এলাকার মিজান মৃধার ছেলে মো. জুনায়েদ (সাড়ে ৩)। পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, নলছিটির ভেরনবাড়িয়া গ্রামে শিশুকন্যা সানজিদাকে সঙ্গে নিয়ে তার মা কবিতা বেগম বাড়ির পাশের একটি ডোবার ধারে লাকড়ি সংগ্রহ করতে যান। একপর্যায়ে অসতর্কতাবশত সানজিদা ডোবার পানিতে পড়ে তলিয়ে যায়। পরে পরিবারের সদস্যরা খোঁজাখুঁজির এক পর্যায়ে ৩ এর পাতায় দেখুন

রিজার্ভ চুরিতে অভিযুক্ত দশ বাংলাদেশিকে গ্রেপ্তারের প্রস্তুতি সিআইডির

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি মামলায় খসড়া অভিযোগপত্রে নাম থাকা বাংলাদেশি ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। তদন্ত শেষে অভিযোগপত্র দিতে যাচ্ছে সংস্থাটি। অভিযোগপত্রে সাবেক গভর্নর ড. আতিউর রহমানসহ বাংলাদেশ ব্যাংকের ৯ কর্মকর্তার সংশ্লিষ্টতার তথ্য উঠে এসেছে বলে জানা গেছে। অভিযোগপত্র জমা দেওয়ার পর বাংলাদেশের যাদের নাম এসেছে তাদের গ্রেপ্তার করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে সিআইডি। বৃহস্পতিবার (১৮ জুন) বাংলাদেশের রিজার্ভ চুরির মামলার অভিযোগপত্রের বিষয়ে সিআইডির প্রধান ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com